2. Publicity: Shyamal Roy, Amitabha Sikder, Sanjoy Ghosh.

3. Cultural & Other Activities: Sanjoy Ghosh, Amitabha Sikder, Sanjib Saha, Jyotirmoy Saha

4. Finance: Mihir Sarkar, Adhir Ranjan Das, Swapan Nandi, Shyamal Roy, Babu Majumder

5. Marketing & Promotion: Adhir Ranjan Das, Tapan Saha, Milton Saha, Shyamal Roy, Sanjib Saha

6. Food & Entertainment: Sukumar Saha, Uttam Kumar Dey, Bivash Biswas, Sanjoy Saha, Prodip Das

7. Hall Management: Samir Das, Sujit Sen, Sukumar Saha, Monoj Talukder, Kamol Saha, Shyamal Modak, Kamalesh Halder, Ujjwal Kumar Dey, Kongkon Ghosh, Dilip Halder

8. Guest Reception: Rakhal Saha, Dhiren Basu, Samir Das, Mihir Sarkar, Biddyut Saha, Devashish Das, Monoj Talukder

Krishnadhan Saha and Uttam Dey will co-ordinate and assist Sub-Committees

Jagannath Hall Alumni Association UK
New Executive Committee 2018/19

1. President	Mr. Krishnadhan Saha
2. Vice President	Mr. Swapan Nandi
	Mr. Monoj Talukder
	Mr. Tapan Saha
	Mr. Ajit Saha
3. General Secretary	Mr. Uttam Dey
4. Joint Secretary	Mr. Kamalesh Halder
	Mr. Kamol Saha
5. Treasurer	Mr. Shyamal Roy
6. Joint Treasurer	Mr. Babu Majumder
7. Organising Secretary	Mr. Sanjoy Ghosh
8. Joint Organising Secretary	Mr. Shyamal Modak
9. Cultural Secretary	Mr. Amitabha Sikder
10. Joint Cultural Secretary	Mr. Jyotirmoy Saha
11. Publicity Secretary	Mr. Milton Saha
12. Joint Publicity Secretary	Mr. Sanjib Saha
13. Social Welfare Secretary	Mr. Uttam Dey
14. Fundraising Secretary	Mr. Bivash Biswas

Executive Members

Mr. Dhirendra N Halder	Mr. Dhiren Basu
Mr. Gour Sadhan Dutta	Mr. Rakhal Saha
Mr. Ratan Das	Mr. Samir Das
Mr. Mihir Sarkar	Mr. Adhir Ranjan Das
Mr. Sukumar Saha	

Plus Minus®
CHARTERED ACCOUNTANTS
Jagannath Hall Alumni Association UK
12
Year
Reunion
Best wishes from PLUS MINUS to
JHAA UK on their memorable
celebration of 12 Year
Reunion.
0208 111 1000
www.plusminus.co.uk

HERMES CPC CONSULTANCY

FOR ALL YOUR

Road Transport Consultancy, Driver CPC Training and CPC

TRANSPORT MANAGER

REQUIREMENTS

OUR SERVICES

- Driver CPC Periodic Training
- CPC Transport Manager Training & Exam Centre
- CPC Holder Provision
- O' Licence Application
- Compliance & Auditing

Unit - 8 Little Braxted Hall
Little Braxted Lane,
Witham, Essex, CM8 3EU

01376 513976
07809 422 953

smdey@hcpctraining.co.uk
www.hcpctraining.co.uk
www.hermescpcconsultancy.co.uk

TAXCARE ACCOUNTANCY

ACCOUNTANTS | TAX | BUSINESS ADVICE

Complete Accountancy & Property Tax Services

About Us

- Team of young & dedicated professionals
- Cutting edge tax & business advice
- Distinguished personalized approach
- Always prompt, proactive & reliable
- Help achieve your business goals
- Believe in long term relationships

Our Services

- Accounts & Tax Returns
- VAT, Payroll & Pension Services
- Portfolio Landlords Tax Planning
- Jointly Owned Property Tax Planning
- Inheritance & Capital Gain Tax
- Non-Residents Tax Affairs

Tax Advice That Helps Your Business Grow

To arrange an initial tax consultancy, please contact:
Shyamal Roy FCCA, BSc (Applied Accounting)
Practice Director

Taxcare Accountancy
103 Cranbrook Road, Ilford, Essex, IG1 4PU
T: 020 8478 3383 F: 020 8181 6528
E: info@taxcareaccountancy.co.uk

ACCA Member Firm

ICPA Certified Practicing Accountant

www.taxcareaccountancy.co.uk

Find us on:

Best Wishes for
The Grand 12 Year Reunion of
Jagannath Hall Alumni Association UK

NOVA
SOLICITORS

SINTHIA DAS (MSS LLB)

Solicitor and Commissioner of Oath

• Family: Divorce and Children
• Immigration • Conveyancing • Wills & Probate

27A Westbury Avenue
Wood Green, London N22 6BS

245 Whitechapel Road
London E11DB

Tel : 020 3489 7010
Fax : 020 3659 4480

Mob : 07711 825 295
E-mail : sd@novasolicitors.com

Best Wishes for
12th Anniversary of JHAA UK

AccTax

Directors:
Tapan Saha AAIA, FCCA
Chartered Certified Accountant & Tax Consultant
&
Kalyani Saha BSc, MSc (Econ)

AccTax Consultancy Ltd
(Accountant & Tax Advisor)

Stratford Advice Arcade
107-109 The Grove, London, E15 1HP
T: 020 3411 2079, 020 8519 1047
M: 079 0386 7313, F: 020 3411 2071
E: info@acctax.org.uk, www.acctax.org.uk

ACCA

RRB *Chartered Certified Accountants*

Qualified Accountants for your Business

ABOUT US

We work hard to get to know you in order to deliver timely, fully customised advice on how to improve your business and personal wealth. Our Plans for success is already succeeding

Our reputation is well known in quality, delivering premium advisory services efficiently and cost-effectively. We work harder to know your business in order to deliver timely, best advice on how to improve your business and personal wealth.

OUR SERVICES:

- Company formation and start-ups
- Business advice and tax consultancy
- Bookkeeping
- Payroll services
- VAT returns
- Annual accounts preparation
- Corporation tax returns
- Self assessment tax returns
- Rental properties accounts
- CIS returns

0207 993 2488

07723 051 141

info@rrbaccountants.co.uk

Office Address:
2nd Floor, 101 Whitechapel
High Street, Aldgate, London E1 7RA
(Opposite of Aldgate East Underground Station)

www.rrbaccountants.co.uk

For more information please contact
MR. BABU MAJUMDER FCCA / (07723051141)

ULTIMATE®

ACCOUNTING & TAX SOLUTIONS

Chartered Accountants

Why us:

- Our services are available nationwide
- Conveniently located
  (next to Barking train station)
- Experienced across all types of accounting software including Sage, Quickbooks, Iris, CCH, VT, Freeagent, kashflow and Xero
- Fixed fees
- All work is carried out at our UK office
- Competitive pricing
- Quick turnaround time
- Experienced with clients across sectors

Our Services:

- Business Advisory & Start up
- Bookkeeping, Payroll & VAT
- Accounts preparation
- Personal & Corporation Tax
- Compliance check & due diligence
- Tax rebates
- IHT & Capital gain tax advice
- And many more...



www.UltimateAccountingSolutions.co.uk

(Chartered Accountant, Business & Tax Advisors)

City Office: New Broad Street House, 35 New Broad St, London EC2M 1NH
Head Office: 27 Longbridge Road, Barking, Essex IG11 8TN
t. 020 8507 0617 f. 020 7183 5357 m: 0791 251 0328
www.UltimateAccountingSolutions.co.uk | info@UltimateAccountingSolutions.co.uk

ACCA Member Firm

Member of the ICAEW Business Advice Service BAS

ICAEW CHARTERED ACCOUNTANT

SD SOLICITORS

Wishing Jagannath Hall Alumni Association

UK a suc as each year since cessful reunion

wawcmficbreumzow umbyw since 2006!

Samir Kumar Das

BA (Hons), LLB (Hons), MA
Director, Principal Solicitor & Commissioner for Oaths

Specialising in: (litigation,conveyancing,immigration,family law,employment,eu application and asylum/human right)

Solicitors Regulation Authority

The Law Society

SD Solicitors is the tading name of SD Solicitors Ltd registered in Ebgland under number 11338330. The registered Ofice is at 249-251 Mile End Road Stepney Green London El 4BJ. The firm is authorised and regulated by the Solicitors Regulation Anthority under firm SRA number 648787

249-251 Mile End
Road London E1 4BJ

02077901653
07908075213
02077909919

www.sdsolicitorsuk.com
info@sdsolicitorsuk.com

My memories about Jagannath Hall

Mihir Sarkar MBA FCCA

It is a great joy and pleasure to see that Jagannath Hall Alumni Association UK is going to celebrate its twelfth anniversary. I have been asked to contribute to the magazine to be published to mark this grand occasion.

I have visited Bangladesh last in 1993. Some memories about Bangladesh have started to fade but I will never forget my times in Jagannath Hall. I was born in the district of Gopalgonj and I had my higher secondary education in the Bangha Bandhu College, Gopalgonj where I met Bangha Bandhu himself around 1965. After passing the HSC exam I arrived in Dhaka in 1976 for admission to Dhaka University. I sat for the admission tests for all the 3 commerce related subjects taught at that time and ended upstudying my preferred subject of honours in accountancy.

Initially I was staying with my brother in the hostel of Dhaka Medical College. Soon after I was transferred to the then East House of Jagannath Hall to stay with a classmate of my brother, Baikuntha Biswas. Baikuntha Da was a student of Soil Science and very friendly with his class mates. I still remember two of his friends Dolon Da and Rajat Da as two prominent Chatra League activists and frequent visitors to our halls of residence.

I had to share a small single bed with Baikuntha Da. Four beds were there in a room always to be shared by at least eight students, sometimes even more on the floor. Pradeep Da (Pradeep Saha living in London now) was one of them. Some of the students even used to cook food in the room with an electric cooker disrupted by the frequent cut off electricity supply. I had my first allocated bed in the East House in 1978 two years after my admission to Jagannath Hall. From the East House I moved to the South House in 1979 and in the following year I moved to the North House to a single bed room. Finally, I left Hall in 1982.

I was never associated with politics, but I had close friends involved in politics. Binoy Bala (recently retired from the Bangladesh police service) was one of them with Brojen Vadra (retired from Bangladesh Police service) on one side and Sujit Roy (retired from banking service) and Swapan Chakraborty (sadly passed away) were on the other side. I had my closest friendships with students who were immersed in serious study. Samir Ghosh (settled in Australia) and Paresh Roy (retired civil servant) were my closest friends right up to the honours exam. Then I moved to the Institute of Business Administration (IBA) and finished my MBA in 1982.

What I remember about Jagannath Hall?

One big event I still remember is the marathon swimming of one of the ex-students. I forgot the name, but he was swimming in the ponds may be targeting up 72 hours non-stop and it was the sporting headlines of the national newspapers and TV at that time. I remember people were flocking at the banks of the pond to have a glimpse of him. There was a boat constantly by his side for his safety. I could not remember whether he managed to make any record. Few political events of the hall and the university are still in my memory. We had first student union elections after a long time. I can't remember all of them, but I remember Akash Da (Akash Saha from Faridpur) was elected VP. I remember the university student union election when Manna-Akhter's panel was elected. As I said before, I did not have any political affiliation, but I spent hours intensely listening to the lectures of Manna. I also remember the winning of all the members of the Manna-Akhter panel, except Diju Da from Jagannath Hall. I spent hours debating this issue with Binoy Bala and expressed my view as to why it happened. I have seen many violent political events in the hall including bloodshed. I have also seen murder by stabbing by a close friend to take revenge of betrayal of love.

During my times in the Jagannath Hall the Assembly House was the focus of many controversies but I never forget the times I spent there in the auditorium watching football matches on TV and, in the process, I turned myself into a Liverpool FC fan. Later in life this became very useful. The beautiful memory about Assembly House is the night of 21 February. I used to watch thousands of people, from all walks of life, passing the road towards Shaheed Minar. I spent hours watching them from the roof of the Assembly House.

I used to go for early morning run. From the North House to Hotel Intercontinental in Ramna Park was my normal range. In between I used to go for few circuit runs in the Sharoardi Uddhan. I still remember the beautiful greenery of the Sharoardi Uddhan, particularly the flowering of dahlias and marigolds in the early spring were unforgettable. I used to meet Maznu Bahi, prominent political activist of Chatra League from Faridpur around the south side of the Udhan in front of the Bangla Academy. We played football in the Jagannath Hall field until it was turned into the cricket ground for the University. I spent hours in sitting in the field by the Shaheed Minar in front of the North House in the hot summer nights. At that point it never came to my mind that I would be in London under a decade later.

I would never forget the celebration of Rag Day at the end of university life. It was a truly festive day. It was to some extent like celebrating Holi with colours and dance. I do not know how, but somehow, we managed to get a pulling cart (Thela Gari) from Jagannath Hall to the University. When we arrived there, the dance on the Thela was the focal point of celebration. At the end of the day we had an exciting video move show in the dining hall of North House.

I have endless memories made in Jagannath Hall. I spent six years of the prime and formative times of my youth in Jagannath Hall. It was the time I made myself who I am today through education and social interactions with close and not so close friends, teachers and staff who were working with us. Personally, I am indebted to Jagannath Hall and that feeling encouraged and urged me to be associated with Jagannath Hall Alumni Association UK. We are doing, whatever small it may be, at least something for the present and the future students of Jagannath Hall.

Ex-President, Jagannath Hall Alumni Association UK

Minorities of Bangladesh and their rightful demands for their safety and security

Samir K Das, BA (Hons), LLB (Hons), MA

I am delighted and proud to be a former resident student of Jagannath Hall for religious minority students of Dhaka University, the Oxford of the East. I am extremely glad of the continuation in publication of our magazine this year.

In 2006, we started Jagannath Hall Alumni Association United Kingdom, similar to many other JHAAs all over the world.

All our members are very concerned about the violation of human rights against the minorities of Bangladesh, who are mainly Hindus. I have been approached by members of our association who are of Bangladeshi origin, and they forever worry for their friends and relatives that remain in Bangladesh, who are facing persecution and discrimination daily.

The Parliamentary election of Bangladesh is coming soon. During every election in Bangladesh, religious minorities get severely persecuted. In Bangladesh there are pro- Pakistan fundamentalist groups who do not want any community other than the Muslims to stay in Bangladesh.

On 14 May 2018, Hindu Buddhist Christian Unity Council Europe organised a demonstration in front of the United Nations, Geneva, Switzerland in protest against the atrocities being committed by the fundamentalists against the minorities in Bangladesh. This was organised during the time of the 30th session of the Universal Periodic Review (UPR) on Bangladesh.

The UPR was established by the <u>General Assembly</u> <u>resolution 60/251</u> of 3 April 2006. The UN-UPR periodically examines the <u>human rights</u> performance of all 193 UN Member States. This is the first international human rights mechanism to address all countries and all human rights. The Working Group of the UPR, is composed of the HRC's 47 Member States. It happens every four years and we met the officials of the United Nations Human Rights Council.

I was present at the session and following are a few of the questions asked by participant countries to Bangladesh. Bangladesh was represented by the Law minister with 18 delegates. Unfortunately, no reply was given by the government to these questions. Similar questions were asked by the member states, regarding the atrocities against the minorities, at the UPR session in 2013, where I was present as well, but no reply was given by the Bangladesh Government. The Government is completely silent in acknowledging any issues during these sessions.

<u>QUESTIONS TO BANGLADESH</u>

SWITZERLAND

Minorities: What concrete measures will the Government undertake to effectively protect ethnic and religious minorities from violence and harassment in Bangladesh and when will Bangladesh enact the draft Anti-Discrimination Act that has been under consideration for several years?

SWEDEN

What is the Government doing to protect members of vulnerable groups, including atheists, ethnic and religious minorities, indigenous groups, girls and women, and LGBTI activists? Will the Government condemn attacks on

them without implying their identities justify violence against them?

UNITED KINGDOM OF GREAT BRITAIN AND NORTHERN IRELAND

What action has the Government of Bangladesh taken to combat local level discrimination and violence, particularly that suffered by minority religious communities?

http://webtv.un.org/watch/bangladesh-review-30th-session-of-universal-periodic-review/5784509621001/?lan=original

The UN has a special role in promoting, protecting and upholding human rights of persons belonging to religious and linguistic minorities. This is reflected in the Declaration on the Rights of persons Belonging to National or Ethnic, Religious and Linguistic Minorities which was adopted by United Nation General Assembly resolution 47/135 of 18 December 1992. The following excerpt from the Declaration evidences this:

> "The General Assembly, reaffirming that one of the basic aims of the United Nations, as proclaimed in the Charter, is to promote and encourage respect for human rights and for fundamental freedoms for all, without distinction as to race, sex, language or religion,
>
> Reaffirming faith in fundamental human rights, in the dignity and worth of the human person, in the equal rights of men and women and of nations large and small,
>
> Desiring to promote the realization of the realization of the principles contained in the Charter, the Universal Declaration of Human Rights, the Convention on the Prevention and Punishment of the Crime of Genocide, the International Convention on the Elimination of All Forms of Racial Discrimination, the International Covenant on Civil and Political Rights, the International Covenant on Economic, Social and Cultural Rights, the Declaration on the Elimination of All Forms of Intolerance and of Discrimination Based on Religion or Belief, and the Convention on the Rights of the Child, as well as other relevant international instruments that have been adopted at the universal or regional level and those concluded between individual States Members of the United Nations,
>
> Inspired by the provisions of article 27 of the International Covenant on Civil and Political Rights concerning the rights of persons belonging to ethnic, religious and linguistic minorities,
>
> Considering that the promotion and protection of the rights of persons belonging to national or ethnic, religious and linguistic minorities contribute to the political and social stability of State in which they live,
>
> Emphasizing that the consent promotion and realization of the rights of persons belonging to national or ethnic, religious and linguistic minorities, as an integral part of the development of society as a whole and within a democratic framework based on the rule of law, would contribute to the strengthening of friendship and cooperation among peoples and States, …"

The United Nations thus has an important role to play regarding the protection of minorities.

As you are aware, the Hindu population of Bangladesh has been in rapid decline for the last sixty years due to Islamic extremism.

I would like to draw your kind attention to the following facts regarding the minorities of Bangladesh:

The number of religious minorities, including Hindus, has been declining rapidly (from 34% in 1947 and 19.80% in 1971 to 9% in 2014) in Bangladesh.

The political parties of Bangladesh in general, are not committed to restoring the original secular spirit of the Bangladesh Constitution of 1972.

The Enemy Properties Act of 1965 is still in force, in the name of the Vested Property Act, enabling seizure of Hindu properties in a blatantly discriminatory way.

Enemy Property or Vested Property Act is a black law and instrumental to minority persecution.

The law had been enacted originally by Pakistani military government in 1965, and it has been amended by successive post-independent governments of Bangladesh. Its evil effects are oppressive to religious minorities, mainly against Hindu populations.

The Vested Property Act violates the human rights of minorities, which is discriminatory law. The Act

all discriminatory laws to protect minorities (Hindus, Buddhists & Christians).

Since independence, governments have failed to protect places of worship of minorities in Bangladesh.

The restoration of the important religious sites of Ramna Kalibari Temple and Ma Anandamoyi Ashram is still pending.

Cases relating to persecution and oppression inflicted upon minorities are not being investigated.

There is no minority ministry/department to oversee the interests of religious minorities and regulate policy matters to investigate sufferings and issues related to them.

There is no budgetary allocation for religious minorities in the National Budget, and there is no special law to protect their specific interests.

All culprits who murdered, raped and tortured religious minorities must be brought to criminal justice and the victims must get compensation and rehabilitation.

Immediate and decisive action is needed by the government to address the situation of religious minorities in the country.

Enact laws for the protection of the minorities such as a Human Rights Act, Minority Protection Act and Protection of Places of Worship.

- Publicly condemn attacks against members of the Hindu community and other minorities.
- Take decisive action to protect members of minority communities against attacks.
- Initiate a full, impartial and independent investigation of all such attacks and make the results of the investigation public.
- Bring to justice all perpetrators of attacks, regardless of their position in society or membership of political party.
- Provide compensation to victims of attacks.

There is no political party for minorities, however there are many Muslim political parties in Bangladesh.

I have also the following proposals to the Government of Bangladesh to immediately undertake these actions:

- to enact laws for the protection of the minorities such as a Human Rights Act, Minority Protection Act, Protection of Places of Worship Act.
- to set up a Minorities Rights Commission.
- to abolish all discriminatory laws, especially the Vested Property Act.
- to form a United Nations special task force to investigate the disappearance of over 900,000 Hindus from Bangladesh between 2001-2011, as noted in the European Parliament resolution on the situation in Bangladesh (resolution no. 2013/2561(RSP) para. M).

I am sure you feel deeply concerned about this matter. Bangladesh has second-largest Hindu population in the world, but according to the former National Human Rights Commission Chairman, Dr Mizanur Rahman, within the next 20 years, the Hindu community in Bangladesh will become extinct.

Professor Dr. Abul Barkat was addressing the book launching ceremony at Senate Bhaban of Dhaka University. From 1964 to 2013, around 11.3 million Hindus left Bangladesh due to religious persecution and discrimination, he said. It means on an average 632 Hindus left the country each day and 230,612 annually. From his 30-year-long research, Professor Barkat found that the exodus mostly took place during military governments after independence. Before the Liberation War, the daily rate of migration was 705 while it was 512 during 1971-1981 and 438 during 1981-1991. The number increased to 767 persons each day during 1991-2001 while around 774 persons left the country during 2001-2012, the book says. Dhaka University teacher Prof Ajoy Roy said the government grabbed the properties of the Hindus during the Pakistan regime, describing them as enemy property and the same properties were taken by the government after independence as vested property.

As a human rights lawyer, I appeal to the international community to save the minorities of Bangladesh from any more suffering.

Founder, Former Convenor & executive member JHAA UK, Director, Principal Solicitor & Commissioner for Oaths

ফিরে দেখা একযুগ

দেখতে দেখতে জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে বারো বছর পার করলো। এর আগে কেবলমাত্র কোলকাতাতেই আমাদের হলের প্রাক্তন ছাত্ররা একত্র হয়ে সংগঠন ক'রতে পেরেছেন। সে হিসেবে আমরা দ্বিতীয়। গঠন প্রক্রিয়ার শুরু থেকে জড়িত থাকার কারণে আমার তৃপ্তি এবং আনন্দটা ভিন্নমাত্রার। সে আনন্দ এবং তৃপ্তি সতত আমায় আন্দোলিত করে। তাইতো পেছন ফিরলেই দেখি একগুচ্ছ সোনালী পালক আমাদের প্রাণপ্রিয় সংগঠন জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে কে উজ্জ্বল আলোয় আলোকিত করে আছে।

যে কোন প্রাক্তনীদের সংগঠনের একযুগ অতিক্রম সাধারণ কোন বিষয় নয়। নানা ধরণের কর্মসূচি এবং তা বাস্তবায়নের আন্তরিক তাগিদ থাকলেই তা কেবল সম্ভব। জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে ও তার ব্যতিক্রম নয়। যুক্তরাজ্যে বসবাসরত জীবন সংগ্রামে লিপ্ত জগন্নাথ হলসহ ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের সকল মানুষের প্রাণের সংগঠন জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে।

সপ্তাহের পাঁচদিন প্রাণান্তকর পরিশ্রম শেষে আমরা হাপিয়ে উঠি। তাইতো প্রাণের তাগিদে আমরা নিয়মিত মিলিত হই কোন না কোন স্থানে। এ যেন আমাদের ভাল থাকার অক্সিজেন। আর তাছাড়া এই দেখা সাক্ষাতের কারণেই নানা সমস্যা সংকট নিয়ে মতবিনিময় করা যায়।

আমরা জানি, বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায় অব্যাহতভাবে দুর্বৃত্তায়িত ভোগের রাজনীতির শিকার। সাপ্রদায়িক ও ধর্মীয় মৌলবাদের যুপকাষ্ঠে আত্মাহুতি দিচ্ছে প্রতিনিয়ত। বিভিন্ন সময়ে আক্রান্ত ব্যক্তিদের সাহায্যে সামান্যতম হলেও আমরা যুক্ত হতে পেরেছি। এছাড়া লণ্ডনে আমরা বাংলাদেশে চলমান ধর্মীয় উন্মাদনা ও সংখ্যালঘু নির্যাতনের প্রতিবাদে রাস্তায় নেমেছি।

প্রতিবছর দুর্গাপূজায় সম্মিলিতভাবে আমরা জগন্নাথ হলে আর্থিক সাহায্যের মাধ্যমে অংশগ্রহণ করে থাকি। এ আমাদের প্রাণের অর্ঘ। জগন্নাথ হলের কর্মচারিবৃন্দ হলে থাকাকালীন আমাদের প্রতি দায়িত্বপালনে যে মমত্ব দেখিয়েছেন সে ঋণ অপরিশোধ্য। তাঁদের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত পূজায় আর্থিক সাহায্য করে তাঁদের সংগে যুক্ত থাকার চেষ্টা করা। এভাবেই আমরা আনন্দ পেতে চাই।

সম্প্রতি জগন্নাথ হলে নতুন ভবনে নির্মিত সুবিশাল গ্রন্থাগারে জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে নামে একটি কর্ণার প্রক্রিয়াধীন আছে। আশাকরি অতি স্বল্প সময়ের মধ্যেই আলমারি তৈরির কাজ শেষ হলে তা নির্দিষ্ট স্থানে প্রতিস্থাপিত হবে যা জগন্নাথ হলে অবস্থানরত ছাত্রদের অধ্যয়নে সামান্যতম হলেও সাহায্য করবে।

যুক্তরাজ্যে আমরা যারা বসবাস করি তাদের প্রয়োজনেও আমরা সতত ক্রিয়াশীল। গত বছর আমাদের বন্ধু সুশান্ত কুমার বালার অকাল মৃত্যু পরবর্তী নানান প্রয়োজনে আমরা সম্মিলিতভাবে তাঁর পরিবারের সঙ্গে ছিলাম - এখনও আছি।

জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে লণ্ডনে এখন খুবই পরিচিত একটি চ্যারিটি সংগঠন। সারাবছরই আমরা কোন না কোন কাজের ধারায় যুক্ত থাকি। এখানে ক্রিয়াশীল অন্যান্য যে কোন সংগঠনের সংগে আমাদের যোগাযোগ খুবই ব্যাপক এবং শক্তিশালী। এখানে চলমান বাংলাদেশের যে কোন সংগঠনে আমাদের ভূমিকা নেতৃস্থানীয়। প্রায় সবগুলি সংগঠনের গঠন প্রক্রিয়ায় আমাদের ভূমিকা অগ্রগণ্য। শুধু তাইই নয় ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের সব সংগঠনেই আমাদের গ্রহণযোগ্যতা প্রশ্নাতীত এবং নেতৃত্বের বেলাতেও প্রধান ভূমিকায় জগন্নাথ হলের প্রাক্তনেরাই। এ সব একদিনে হয়নি। ক্রমান্বিত প্রচেষ্টা এবং আন্তরিক উদ্যোগেই তা সম্ভব হয়েছে। আশা করি এ ধারা উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

এভাবেই আমরা সমাজ এবং জগন্নাথ হলের প্রতি আমাদের দায়িত্ব পালন করতে চাই। আর আমাদের প্রাণপ্রিয় সংগঠন জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে আছে বলেই তা সম্ভব হচ্ছে। এক্ষেত্রে আমাদের যুথবদ্ধ উদ্যোগের কোন বিকল্প নেই। তাই, আমাদের সম্মিলিত আহবান আসুন আমরা পারস্পরিক ভেদাভেদ ভুলে আমাদের সংগঠনকে আরও শক্তিশালী করি। সম্মিলিত প্রয়াস এবং উদ্যোগ ছাড়া কাংখিত ফল লাভ সম্ভব নয়। ইদানীংকালে পারস্পরিক ভুল বুঝাবুঝির কারণে আমাদের মাঝে একধরণের দূরত্ব তৈরি হয়েছে। আমি মনে করি, এ ধারণার অবসান হওয়া জরুরী। আমাদের মধ্যকার বিভেদ কোনভাবেই কাংখিত এবং কল্যাণকর নয়। সময় ফুরিয়ে যায়নি। এ প্রসঙ্গে আমি সকলের প্রতি উদাত্ত আহবান জানাই, আসুন সকল মতভেদ ভুলে আমরা একত্র হয়ে পরস্পর পরস্পরের প্রয়োজনে সহযোগিতার হাত বাড়িয়ে দেই। সমঝোতার মাধ্যমে ঐক্যবদ্ধভাবে সবাই একই সংগঠনের পতাকাতলে সামিল হই। ঐক্যই শক্তি।

জয়তু ঢাকা বিশ্ববিদ্যালয়, জয়তু জগন্নাথ হল।

অধীর রঞ্জন দাস তনু
প্রাক্তন সভাপতি
জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউকে

বয়ে যায় দিন

ড. তরুণ কান্তি শিকদার

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ত্যাগ করেছি প্রায় ২৭ বছর। ১৯৮২ থেকে ১৯৯১ এই সময় বিশ্ববিদ্যালয়ের সর্বত্র ছিল আমাদের প্রাণবন্ত পদচারণা। বিশ্ববিদ্যালয়ের হল, টিএসসি, মল, শাহাবাগ পিজির মোড়, নিউ মার্কেট বুকস্টলগুলোর সামনে পালাক্রমে দিনব্যাপী ঘোরাফেরা, আড্ডা, নানা কাজ, ক্লাস, সাংস্কৃতিক অনুষ্ঠানে সব কিছু মিলিয়ে বিশ্ববিদ্যালয়ে চত্ত্বরে এক ধরনের আনন্দের সাড়া লেগেই থাকতো। বিশেষ করে এই সময় সামরিক যাতাকলের নিষ্পেষণ থেকে দেশকে মুক্ত করতে এক নতুন ধারার সাংস্কৃতিক বিপ্লব শুরু হয়। ক্যাম্পাসে প্রতিদিন নানান ধরনের স্বৈরাচার বিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান লেগেই থাকতো। গণসংগীত ও জাগরণমূলক নাটক, কবিতা, আবৃত্তি এর মধ্যে অন্যতম। ঐ সময় শুধু স্বৈরাচারকে কেন্দ্র করে তৈরী হতো পথনাটক। যা খুব সমাদৃত হয়েছিল সাধারণ ও রাজনৈতিক মহলে আস্তে আস্তে স্বৈরাচার বিরোধী এক ধরনের মনোভাব সকলের মনে ছড়িয়ে দিতে সক্ষম হয়। আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক দলের ব্যানারে এবং ডাকসুর সাংস্কৃতিক সম্পাদক লিয়াকত আলী লাকীর নেতৃত্বে স্বৈরাচার বিরোধী আন্দোলনের শীর্ষে ছিলাম। ঐ সময় আরো বড় বড় বেশ কিছু নাট্যদল ও সাংস্কৃতিকদল এই আন্দোলনের শরীক ছিল। প্রতিদিন শহীদ মিনার, ডাচ চত্ত্বর লাইব্রেরি প্রাঙ্গণ সহ ঢাকা শহরের বিভিন্ন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠান হতো। প্রতিটি অনুষ্ঠানে সূক্ষ্মভাবে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে সাধারণ মানুষকে উস্কে দেওয়ার একটা প্রবণতা কাজ করতো। তখন বিকেল থেকে রাত ৮.০০ পর্যন্ত প্রতিটি গ্রুপের প্রস্তুতিমূলক কার্যক্রমের জন্য সরগরম থাকতো টিএসসির প্রতিটি রুম। রুমের অভাবে অনেককে কখনো কখনো মাঠের কোনায় সমবেত হয়ে রিয়ারসেল করতে হতো। যার সফল পরিণতি ৬ ডিসেম্বর মহীরুহের মত স্বৈরশাসনের পতন। উল্লেখ্য, আশির দশকের রাজনীতি ছিল দ্বিমুখী। একদিকে সামরিক সরকার অন্যদিকে সামরিক জান্তাকে হটাবার জন্য ১৫ দলীয় রাজনৈতিক ছাত্রজোট।

এজন্য ছাত্র সমাজকে কমমূল্য দিতে হয়নি। জাফর, জয়নাল, কাঞ্চন, দিপালী সাহা থেকে শুরু করে অসংখ্য তাজা প্রাণ ঢলে পড়েছে পুলিশের গুলিতে। চলন্ত ট্রাক তুলে দেওয়া হয়েছে ছাত্রদের মিছিলের উপর। 'গণতন্ত্র মুক্তি পাক স্বৈরাচার নিপাত যাক' শ্লোগান বুকে পিঠে করে মিছিলের অগ্রভাগে থাকা নিরস্ত্র নিরিহ নূর হোসেনকে হত্যা করা হয়েছে। দলগুলোর আন্তঃকোন্দলে নিহত হন ছাত্রলীগ নেতা মনিরুজ্জামান বাদল। রাউফুন বসুনিয়া সহ অনেক ছাত্রনেতা ও সাধারণ নিরিহ ছাত্র ভায়েরা। যার এক পর্যায়ে পরিসমাপ্তি ঘটে ডা. মিলন হত্যার মধ্য দিয়ে। দিনগুলোর কথা মনে পড়লে এখনো গা শিউরে ওঠে।

৬ ডিসেম্বর রাত আটটার দিকে সামরিক শাসন তুলে নেওয়ার ঘোষণার সাথে সাথে হাজার হাজার মানুষ কারফিউ এর মধ্যে মাঠে নেমে পড়ে। মুহুর্তের মধ্যে জনস্রোত বিশ্ববিদ্যালয় শহিদ মিনার হয়ে প্রেসক্লাবের সামনে জড় হয়। জনতার এতবড় ঢল এর আগে কখনো দৃষ্টিগোচর হয়নি। আমরা কয়েক বন্ধু মিলে পল্টন হয়ে একটু এগিয়ে দৈনিক বাংলা মোড় দিয়ে মতিঝিলের দিকে এগিয়ে যাই। মতিঝিলে মূল রাস্তার পাশে ছিল আল্লাওয়ালা ভবন। সে ভবনে তৎকালীন সরকারি দলের অফিস। জনতা সে ভবনে হামলা করে সব তসনস করে ফেলেছে। সুবিধাবাদী চোরেরা লুটে নিয়ে যাচ্ছে সব জিনিস। কোন প্রতিরোধ নেই। তখনো কারফিউ জারি ছিল। কিন্তু রাস্তায় কোন উর্দিপরা মানুষের টিকিটি নেই। সবার ভিতরে এক উচ্ছ্বাস ও আনন্দের ভাব। বিভিন্ন স্থানে ছাত্রসংগঠনের শিল্পীরা দলবদ্ধ ভাবে গেয়ে চলেছে গণসংগীত। সবার মনে আশা একটি গণতান্ত্রিক পর্যাবরণ সৃষ্টি হবে। এভাবে রাত ১২টা পর্যন্ত রাস্তায় রাস্তায় ঘুরে ফিরে আসি।

এরপর চাকরি সূত্রে বিশ্ববিদ্যালয় ত্যাগ করেছি ১৯৯১ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসে। প্রথম প্রথম দু'এক বছর প্রাণের আকুতি নিয়ে ছুটে আসতাম টিএসসি চত্ত্বরে। পুরাতন বন্ধুদের নিয়ে চলতো মন খোলা আড্ডা। হাকিম ভাইয়ের চায়ের দোকানে দেশ উদ্ধারের বাক বিতণ্ডা। তখন অবশ্য জগন্নাথ হলের পাশ থেকে উপাচার্যের বাসভবন পর্যন্ত বিকাল ৫টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত এক বিশাল জনস্রোত ঘোরাফেরা করতো। উদ্দেশ্য হলের বন্ধু বান্ধব ও বান্ধবীদের সাথে ঘন্টাব্যাপী গল্প করা। এভাবেই কাটতো আমাদের বিশ্ববিদ্যালয় জীবন। নিয়মিত ক্লাস, আড্ডা দেওয়া, টিউশনি আর রাতে পড়াশোনা। আড্ডায় ছিলনা কোন মোবাইল বা ল্যাপটপের ব্যবহার। মন থেকে কথামালা রচনা করে একজন আর একজনকে মুগ্ধ করতো, মান ভঞ্জন করতো বা তিক্ততা বর্ষণ করতো।

অনেক দিন পর গত ১৩/১০/২০১৭ তারিখ শুক্রবার সকালে একদঙ্গল জ্যাম ঠেলে উপস্থিত হলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ে শহীদ মিনার প্রাঙ্গণে। উদ্দেশ্য এ্যানেক্স ভবনে মেয়ের ভর্তি পরীক্ষা। মেয়েকে হলে ঢুকিয়ে দিয়ে ভাবলাম গাড়িতে বসে বই পড়ি। এই মুহুর্তে দুটি বই পড়ে শেষ করার চেষ্টা করছি। প্রথমত ষোড়শ সংশোধনীর পূর্ণ রায়ের কপি। দ্বিতীয়ত এ বছর অর্থনীতিতে নোবেল জয়ী Richard Thaler Gi Nudge: Improving Decision about Health, wealth and Happinese. যানজটে বই পড়ার একটা ভাল অভ্যাস গড়ে তুলেছি। তাই যানজট আমাকে কষ্ট দিলেও খুব একটা ভোগায় না। কিন্তু ড্রাইভার গাড়িটা খেলার মাঠে পার্ক করায় ভাবলাম একটু ঘুরেই দেখিনা আমার পুরানো চত্ত্বর। নিশ্চয় পেয়ে যায় অনেক বন্ধু বান্ধব। কোন কারনে মেয়েটি বের হয়ে আসে কিনা সেজন্য কিছু সময় অপেক্ষা করলাম। খুঁজতে থাকলাম পরিচিতি মুখ। আস্তে আস্তে শহিদ মিনারের পাদদেশে উঠে গেলাম। মূলবেদীতে জনা ত্রিরিশেক কিশোর উজ্জ্বল লাল পাঞ্জাবী, সাদা পাজামা ও প্রত্যেকের মাথায় সাদা টুপী পরিহিত গান পরিবেশন করছে। দর্শক বিহিন সকাল ১০.৩০ এর সময় ক্যামেরার সামনে এমন একটি গানের মহড়া দেখে একটু এগিয়ে গেলাম। সামনে চোখে পড়লো শহিদ মিনারের পবিত্রতা রক্ষার্থে জুতা পায়ে না ওঠার জন্য সাইনবোর্ড। আমার সামনে বেশ কিছু লোককে জুতা পায়ে দেখে আমিও হাটতে হাটতে কাছে গেলাম। হঠাৎ একটা টোকাই ছেলে পায়ে জুতার দিকে অঙ্গুলি নির্দেশ করলো। আমি বললাম ওটাতো সামনের বেদীর জন্য ও জানালো না এ বেদীতেও উঠা যাবে না। লজ্জায় নেমে এলাম। কিন্তু কোনরকম বাদ্যযন্ত্র ও মাইক ছাড়া কী গান হচ্ছে বুঝতে পারলাম না।

চোখের সামনে ভেসে এলো শহিদ মিনারের ছোটখাট বিষয়গুলি। এক সময় এর মাঝ দিয়ে রাস্তাটি ছিল। পরে একে সম্প্রসারণ করা হয়েছে। আমাদের সময় শহিদ দিবসে ফুল দেওয়াকে কেন্দ্র করে চলত আর এক নাটক। কোন দল আগে ফুল দেবে। কোন দলের ফুলের তোড়া সবার উপরে উঠে মূল মিনারে বেঁধে দেবে এর প্রতিযোগিতা। এ দিনে গোলাগুলি, বোমাবাজির মহড়া নিতান্ত কম হয়নি। তবে কোন যুদ্ধাপরাধী বা রাজাকারকে কখনো শহিদ বেদী স্পর্শ করতে দেওয়া হয়নি। একবার মনে আছে মহামান্য রাষ্ট্রপতি কেবল ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে এলাকা ত্যাগ করেছেন। কোন একজন বর্ষীয়ান নেতা দল ত্যাগ করে সবে সামরিক শাসন নিয়ন্ত্রিত দলে যোগদান করেছেন। তিনি তার অনুসারীদের নিয়ে বেদীতে ফুল দিতে এসেছেন। হঠাৎ করে উত্তেজনা ধর ধর বলে একদল ছেলেরা ছুটে এলো। মুহূর্তের মধ্যে নেতার ধবধবে সাদা পাঞ্জাবীর বিভিন্ন অংশ এক এক জনের হাতের মধ্যে। তার সঙ্গীরা দ্রুত তাকে নিয়ে পালিয়ে যেতে সক্ষম হলো। অবস্থা বেগতিক দেখে আমিও দ্রুত পলায়ন করি। পরদিন বিকেলে ২২ শে ফেরুয়ারি সন্ধ্যা প্রায় সমাগত বাংলা একাডেমি বইমেলা থেকে শহিদ মিনার হয়ে হলে ফিরছি। দেখলাম একটি ইসলামী দল (নাম মনে নেই) তাদের কিছু কর্মী একটা মাইক নিয়ে অল্প কয়েকজন দর্শকের উপস্থিতিতে ভাষণ দিচ্ছে। এপর্যায়ে বক্তার কয়েকটি কথা কানে এলো, ভায়েরা শহীদ মিনার পবিত্র জায়গা এখানে শহিদদের জন্য দোয়া করতে হয় ইত্যাদি----। কিন্তু এখানে ফুল দিয়ে শহিদদের অবমাননা করা হয় আপনারা শহিদদের উদ্দেশ্যে ফুল দিবেন না। এটা হিন্দুদের সংস্কৃতি। তারা ফুল দিয়ে পূজা করে ইত্যাদি----। আর যায় কোথায়। আশপাশ থেকে ১০/১২ জন ছেলে এসে সবকটাকে ধরে আচ্ছা মতো পেদানী দিয়ে মাইকটি ভেঙ্গে তসনস করে দিল। বেচারারা ছেড়া জামাকাপড় নিয়ে দৌড়ে শহিদ মিনার ত্যাগ করলো। মূলত ডিসেম্বর থেকে মার্চ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক উৎসব ও স্বাধিকারের আন্দোলন মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তিকে উদ্বেলিত করে প্রতিবাদী হতে শেখায়। অবিচার ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে শক্তি যোগায়। কোন অপশক্তি অন্তত এ সময় মাথা তুলে দাঁড়াতে সক্ষম হতো না। হাজার হাজার দর্শক না হলেও ছোট পরিসরগুলো প্রাণের আনন্দে ভরে থাকতো। একুশ উপলক্ষে প্রতিদিনই শহিদ মিনার চত্বরে অনুষ্ঠান লেগে থাকতো। মনে পড়ে যায় থিয়েটারে অভিনীত জমিদার দর্পন নাটকে তারানা হালিমের হৃদয়স্পর্শী অভিনয়ের কথা। যা আমার স্মৃতি পটে জাগ্রত হয়ে আছে।

যা হোক এখানে কিছুক্ষণ কাটিয়ে হাটতে হাটতে এগিয়ে গেলাম বুড়া শিববাড়ি ধাম মন্দিরের দিকে। ছোট মন্দির। সেই একই রকম আছে। ভিতরটা বেশ পরিচ্ছন্ন। এখনো একটা পাতকূয়া আছে। মনে হলো পানি এখনো ব্যবহার হয়। পাশে গড়ে উঠছে বিশালাকার টাওয়ার। ভবন বিশাল হলেও ভবনের কর্তারা মানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে একটু অনুদারই মনে হলো। মন্দিরের বেয়ে উঠে যাচ্ছে ভবনটি। দুই ভবনের মধ্যবর্তী যতটুকু জায়গা ছাড়ার কথা তা মনে হলো না যথার্থভাবে ছাড়া হয়েছে। যদিও দুটি ভবনই মূলত বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে সৌন্দর্যবর্ধনে ব্যবহৃত হবে। সময় যেন কাটতে চায় না। মন্দির দর্শন শেষে বের হলাম। এক সময় হল থেকে বের হয়ে কর্মচারীদের কোয়াটারে একটা রুম ৯০০/- টাকায় মাসিক ভাড়া নিয়ে মানবেতর জীবনযাপন করতাম। ছোট ৮ ফুট বাই ১০ ফুট একটা রুমের মধ্যে একটা চৌকি আর ১৫০/- টাকা দামের একটা টেবিলে আমাদের দু'বন্ধুর সংসার। সংসার মানে রাতে শুধু ঘুমানো। সারাদিন নানা কাজে টইটই করে ঘোরাফেরা। বাসার আর একটি রুমে আমাদের বাড়ির মালিক তার স্ত্রী ও এক ছেলে পুত্রবধু এবং তাদের সম্ভবত একটি ছোট বাচ্চা ছেলে ছিল। এই ৫ জন এক ঘরে বাস করে। বাড়িওয়ালার ছেলেটি ছিল মানসিক প্রতিবন্ধী। তার বউটি বেশ সুশ্রী ছিল। তবে একটি বিপরীত চিত্র আমাদের দৃষ্টি এড়িয়ে যায়নি। তা হলো পুত্রবধূ কর্তৃক শ্বশুরের পদসেবা। অনেক রাত পর্যন্ত পুত্রবধুকে বাধ্য করা হতো শ্বশুরের গা হাত পা টিপে দিতে। অন্যদিকে বুদ্ধিপ্রতিবন্ধী স্বামীকে রাগে গজ গজ করে বারবার বৌকে ডাকতে হতো। এ নিয়ে প্রায়শই রাতে হৈচৈ হতো নিজেদেরে মধ্যে। সহজেই একটা অনৈতিক অবস্থা সৃষ্টি হতো তা অনুমান করা যায়। যা হোক সেই ১৯৯০ খ্রিস্টাব্দে বাসা ছেড়ে বের হয়ে আসার পর আর দেখা হয়নি। ভাবলাম তাদের সাথে দেখা হয় কিনা । কিন্তু কাউকে খুঁজে পেলাম না। তারা বাসা ছেড়ে চলে গিয়েছে। এ অঞ্চলে বসবাসের পরিবেশ বেশ উন্নত হয়েছে।

এরপর চেনামুখ খুঁজতে খুঁজতে টিএসসি চত্বরে এগিয়ে গেলাম। দুটি আবৃত্তি সংস্থা ভর্তির ফরম বিক্রি করছে। কিন্তু তেমন কোন গ্রাহক নেই। টিএসসির ভিতরে বেশ কিছু বিচ্ছিন্ন ছেলে মেয়ে বসে আসে। বিচ্ছিন্ন এজন্য যে, তারা জোড়ায় জোড়ায় বা দলে চার পাঁচজন একসাথে বসে থাকলেও মুখে কোন কথা নেই। প্রায় সকলের হাতেই একটি এ্যানড্রয়েড ফোন। যা তাদের যোগাযোগ ও কথা বলার অন্যতম মাধ্যম। প্রত্যেকের হাত ফোনের নবে এবং দৃষ্টি স্ক্রীনে। হয়তো প্রিয় লোকটির পাশে বসে সে অন্য কারো ছবি দেখছে বা চ্যাট করছে। শুধু একটি গ্রুপে ৪/৫টি ছেলে মেয়ে প্রাণবন্ত কথা বলে হৈ হুল্লোড় করছে। একটি মেয়ে খুব চঞ্চল চোখে বন্ধুদের মাতিয়ে রেখেছে। একটি পরিবর্তন অবশ্যই দৃশ্যমান। আমাদের সময় এসব গ্রুপের বসে থাকা বন্ধুদের হাতে একটা গিটার বা কবিতার বই থাকতো। দলে দলে চলতো আবৃত্তির বা গানের মহড়া। এখন সবার কানে হেড ফোন দু হয়তো শুনছে কোন বিখ্যাত শিল্পীর গজল। চার পাঁচ বছর আগে একদিন সকাল ১০টার দিকে জনতা ব্যাংকে একটা কাজে এসেছিলাম। তখন দেখলাম অসংখ্য ছেলেমেয়েরা ল্যাপটপ হাতে পড়াশুনা করছে। উদ্যোগটি নিশ্চয় প্রশংসনীয়। তবে আমার দৃষ্টিতে লাইব্রেরি চত্বর ওয়াইফাই জোন হওয়ায় সবাই পড়াশুনা করে। জোন ফ্রি হলে হয়তো পড়াশুনার পরিবেশ আরো উন্নত হতো। জানিনা সেটি করা সম্ভব হয়েছে কি না! টিএসসি থেকে বেরিয়ে এককাপ কফি নিয়ে ডাচ চত্বরে বসে শেষ করলাম। কিন্তু চারদিকে চোখে ঘুরিয়ে পরিচিত কাউকে পেলাম না। ইতোমধ্যে কয়েক ঘনিষ্ট বন্ধুকে ফোন করলাম। যারা ফোন ধরলো অন্যত্র ব্যস্ত। আর যারা ধরলো না হয়তো পরে একটা মিথ্যা অজুহাত দিয়ে দুঃখ প্রকাশ করবে। যা হোক পরিচিতি জনদের কাউকে দেখতে না পেয়ে একাকী জগন্নাথ হলের ভিতর দিয়ে হাঁটতে হাঁটতে শহিদ মিনারের দিকে এগিয়ে যাই। হলের কর্মচারীদের অনেকেই এগিয়ে আসলেন। তাদের সাথে কথাবার্তা বলে ফিরে আসি।

অনেকদিন পর দীর্ঘ এক ঘন্টা তিরিশ মিনিট বিশ্ববিদ্যালয়ের প্রিয় প্রাঙ্গণ দিয়ে হাঁটলাম। খুঁজে ফিরলাম পুরাতন স্মৃতি। এখানে রাজপথে মিছিল করেছি। স্বৈরাচার হটানোর দাবীতে অনেকবার মিছিলের অগ্রভাগে পুলিশের গুলির সামনে থেকে প্রাণপণে পালিয়ে এসেছি, হারিয়েছি সহপাঠিকে। তৎকালীন সরকার সমর্থিত ছাত্র সংগঠন ও পুলিশের যৌথ আক্রমণে একাধিক বার হল ভাংচুর হয়েছে, হয়েছি নির্যাতনের শিকার। কথিত এরশাদ ভ্যাকেসানে জীবন থেকে সেশন জটে ৪টি বছর ঝরে গেছে। তবুও সবকিছু মিলিয়ে মনে হয় বিশ্ববিদ্যালয়ের সেই দিনগুলিই ছিল জীবনের শ্রেষ্ঠ অর্জন, শ্রেষ্ঠ সময়। যা ক্রমে জীবন স্মৃতি থেকে ক্ষীণ হয়ে যাচ্ছে। মনে হয় স্মৃতিময় দিনগুলোর সিঁড়ি বেয়ে অনেক দূর পথ অতিক্রম হয়েছে। হয়তো কোন একদিন জানালার পাশে বসে অনন্ত আকাশের পানে তাকিয়ে বয়ে যাওয়া দিনগুলির স্মৃতি নিয়ে কেটে যাবে আমাদের জীবন।

অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জগন্নাথ হলঃ মুক্তবুদ্ধি চর্চা ও অসাম্প্রদায়িক চেতনায় চির উজ্জ্বল

শ্যামল চন্দ্র কর্মকার

১৯২১ থেকে ২০১৮। আর মাত্র আড়াই বছর পরেই ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের এবং একই সাথে জগন্নাথ হলের একশত বছর পূর্ণ হতে চলেছে। এই প্রায় শতবর্ষে পদ্মা-মেঘনা-যমুনায় অনেক জল গড়িয়েছে, ইতিহাসের পাতায় অনেক কথা লেখা হয়েছে। পরিবর্তিত হয়েছে ভৌগোলিক, রাজনৈতিক, আর্থ-সামাজিক, সাংস্কৃতিক অন্যান্য অনেক অবস্থার। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ঐতিহ্যবাহী জগন্নাথ হল আজও কালের সাক্ষী হয়ে ইতিহাসে স্বকীয় ঔজ্জ্বল্য নিয়ে দীপ্যমান।

১৯২১ সালের ১ জুলাই তিনটি আবাসিক ছাত্রাবাস মুসলিম হল, ঢাকা হল ও জগন্নাথ হল নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু। জগন্নাথ হলের প্রথম প্রাধ্যক্ষ ডঃ নরেশ চন্দ্র সেন, যিনি আইন বিভাগের অধ্যাপক ছিলেন এবং যাঁর মননে ছিল অসাম্প্রদায়িক ও প্রগতিশীল চিন্তা চেতনা। তিনি যেভাবে জগন্নাথ হলকে এবং বিভিন্ন পদক্ষেপের মধ্যদিয়ে হলে অবস্থানরত আবাসিক ছাত্রদের একটি সমৃদ্ধ মনন গড়ে তুলতে চেয়েছিলেন, তাঁর সেই মহৎ প্রচেষ্টা কতটা সফল হয়েছিল তার সবচেয়ে বড় প্রমাণ পরবর্তীকালে ইতিহাসের পাতায় পাতায় জগন্নাথ হলের ছাত্রদের কৃতিত্বপূর্ণ অর্জন, অবদান, ত্যাগ, সংগ্রাম কিংবা নিঃশেষে প্রাণ বলিদান।

জগন্নাথ হল শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি হলই নয়, জগন্নাথ হলে থেকে একজন সচেতন ও সমৃদ্ধ মানুষ গড়ে ওঠার এক নির্মল সূতিকাগার যেন এর বড় পরিচয়। বাংলাদেশ এবং পৃথিবীর যে যে প্রান্তে জগন্নাথ হলের ছাত্ররা রয়েছেন; তাঁদের মধ্যে অধিকাংশই আজ শুধু প্রতিষ্ঠিতই নয়, অনেকেই নিজ নিজ ক্ষেত্রে আপন মহিমায় উজ্জ্বল। জগন্নাথ হলের সাবেক ছাত্রদের মধ্যে নামকরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, গবেষক, বিজ্ঞানী, কবি-সাহিত্যিক, শিল্পী, রাজনীতিবিদ, সংসদ সদস্য, সরকারি-বেসরকারি-আন্তর্জাতিক প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তা, আমলা, বিচারপতি, আইনজীবী, সাংবাদিক, প্রতিষ্ঠিত ব্যবসায়ী, প্রবাসী, পেশাজীবী, সমাজকর্মী যে যেখানেই আছেন তাদের বুকের মধ্যে আছে স্বপ্নের ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রিয় জগন্নাথ হলের লালিত চেতনা। জগন্নাথ হলে থেকেই তারা একদিকে যেমন শিক্ষা, জ্ঞানচর্চা ও শিল্প সাহিত্যের স্বাদ গ্রহণ করেছেন, অন্যদিকে কঠিন বাস্তবতার মধ্যে পরবর্তী সময়ের জন্য নিজেদের গড়ে তোলার সুযোগ পেয়েছেন। ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধের সূচনালগ্নে জগন্নাথ হলের ছাত্ররাই প্রথম প্রাণ বিসর্জন দিয়েছেন, আবার বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং তৎকালীন সরকারের অবহেলা ও চরম বঞ্চনার শিকার হয়ে ১৯৮৫ এর ১৫ অক্টোবরে ৩৯ জন ছাত্র-কর্মচারি-অতিথির প্রাণ হারাতে হয়েছে। অর্জন আর বিসর্জনের মধ্য দিয়ে ত্যাগ, সংগ্রাম এবং কখনো কখনো প্রতিকূলতাকে সাথে নিয়েই জগন্নাথ হলের ছাত্ররা বিশ্ববিদ্যালয় জীবন অতিবাহিত করছে।

'আমার মুক্তি আলোয় আলোয় এই আকাশে
আমার মুক্তি ধুলায় ধুলায় ঘাসে ঘাসে ..'

জগন্নাথ হলের ছাত্রদের সবচেয়ে বড় সম্পদ একটি সুন্দর, সমৃদ্ধ ও পরিশীলিত মনন। যেখানে নেই কূপমন্ডুকতা, নেই অন্ধ ও অবিবেচনাপ্রসূত সাম্প্রদায়িকতা। এ অমূল্য সম্পদ আহরণ করা সম্ভব হয় তখনই যখন, মুক্তবুদ্ধি চর্চার জন্য একটি অনুকূল পরিবেশ থাকে। জগন্নাথ হলের ছাত্ররা সেরকম পরিবেশেই সবসময় নিজেদের সমৃদ্ধ করার প্রয়াস পেয়েছে। অবস্থানগত পারিপার্শ্বিক সুবিধা এবং উপযুক্ত পরিবেশে জগন্নাথ হল থেকেই তৈরি হয়েছে অসংখ্য সৃষ্টিশীল, প্রগতিবাদী ও মুক্তচিন্তার মানুষ। জগন্নাথ হলের মাটিতে পদচারণা হয়েছে কত জ্ঞানী গুণী, বিজ্ঞানী, কবি, সাহিত্যিক, শিল্পী ও প্রথিতযশা মানুষের। জগন্নাথ হলের মাটি ধন্য হয়েছে বাঙালির আত্মার আত্মীয় রবীন্দ্রনাথ ঠাকুরের পদার্পণে। নিকট অতীতে জগন্নাথ হলে এসে উপমহাদেশের কিংবদন্তী শিল্পী হেমন্ত মুখোপাধ্যায় ভক্ত শ্রোতাদের গান শুনিয়ে মুগ্ধ করেছেন। গেয়েছেন-জগন্নাথ হলের সাময়িকী 'বাসন্তিকা'র জন্য রবি ঠাকুরের লেখা-'এই কথাটি মনে রেখো আমি যে গান গেয়েছিলেম..'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর কোন হলের ছাত্ররা এমন 'আলোকের এই ঝর্ণাধারায়' অবগাহন করতে পেরেছে কিনা জানা নেই। জগন্নাথ হলের ছাত্ররা অবগাহন করতে পেরেছে মুক্তির আলোতে, যে আলোয় আজ আলোকিত হচ্ছে প্রিয় স্বদেশ ও সমাজ।

শুধুমাত্র একটি ডিগ্রি অর্জন করাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করার মুখ্য বিষয় নয়। তারুণ্যের একটি গুরুত্বপূর্ণ সময়ে বিশ্ববিদ্যালয় জীবনে হলে অবস্থান করে একটি উল্লেখযোগ্য সময় ধরে যেভাবে নিজেকে তৈরি করতে হয় এবং একইসাথে বোধে ও মননে সামগ্রিকভাবে যে সচেতনতা সৃষ্টি হয় তার প্রায় সবটুকুর সহায়ক পরিবেশগত ভূমিকা পালন করতে পারে একটি আবাসিক হল এবং সে হলের প্রাধ্যক্ষসহ অন্যান্য হাউজ টিউটর ও হলের কর্মচারিবৃন্দ। জগন্নাথ হল সে দিক থেকে অন্যান্য হলের তুলনায় সবসময়ই অনেকটা এগিয়ে থাকে। আর সে কারণেই জগন্নাথ হল যেন আবাসিক ছাত্রদের একটি বৃহৎ ও সুন্দর পরিবার। শুধু কি তাই! জগন্নাথ হলের নানা অনুষ্ঠান আয়োজনের মধ্যদিয়ে রাজধানী ঢাকা এবং অন্যান্য এলাকার মানুষের সাথে যে সামাজিক ও অসাম্প্রদায়িক বন্ধন সৃষ্টি হয়, তার মূল্য কম কিসে ? জগন্নাথ হলের সরস্বতী পূজা ও দুর্গাপূজাতে যেভাবে হলে ধর্ম, বর্ণ, সম্প্রদায় নির্বিশেষে হাজারো মানুষের ঢল নামে তাতে জগন্নাথ হল নিশ্চয়ই এক অনন্য উচ্চতায় অবস্থান করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পাওয়া যদি গৌরবের হয় তবে জগন্নাথ হলের আবাসিক ছাত্র হওয়া পরম সৌভাগ্যের। কিছু ব্যতিক্রম বাদ দিলে জগন্নাথ হলের ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে বের হওয়া ছাত্রগণ আলোর ভুবনের বাসিন্দা, যারা রবীন্দ্রনাথের কবিতার মত নিজেদের চেতনার রঙে রাঙিয়ে দিতে পারে পারিপার্শ্বিকতা।

' আমারই চেতনার রঙে পান্না হল সবুজ, চুনি উঠলো রাঙা হয়ে
আমি চোখ মেললুম আকাশে, জ্বলে উঠলো আলো, পূবে পশ্চিমে .. '

যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

ধাত্রীমাতার প্রতি আমার আজীবনের দায়বোধ

সমীর কুমার বিশ্বাস

জগন্নাথ হল আমার ও আমাদের ধাত্রীমাতা। এই ধাত্রীমাতার তর্পণ করতে গিয়ে আজ যজুর্বেদসংহিতার উনবিংশ অধ্যায়ে বর্ণিত 'যদাপিপেষ মাতরং পুত্রঃ ধয়ন.............' শ্লোকের কথা মনে পড়ছে যার বাংলা অনুবাদে বলা হয়েছে; 'পুত্র আমি আনন্দে স্তনপান করে পা দিয়ে মাকে পিষ্ট করেছি, হে অগ্নি, তোমার সমক্ষে আমি অঋণী হলাম'। আমার এই ছোট্ট জীবনের সবচেয়ে প্রভাব বিস্তারকারী প্রতিষ্ঠান জগন্নাথ হল সম্পর্কে কিছু লিখতে গিয়ে প্রথমেই কেন যেন যজুর্বেদ সংহিতার এই বাণীটির মূল অনুভূতি আমাকে খানিকটা মোহাবিষ্ট করে ফেলেছে। বাংলাদেশ, ঢাকা বিশ্ববিদ্যালয় আর জগন্নাথ হল-এই তিনটি প্রপঞ্চ আমার চেতনার কেন্দ্রবিন্দুতে প্রতিমুহূর্ত বিরাজমান। আমি গবেষক নই, হলে হয়তোবা এই তিনটি প্রপঞ্চের কোনটি কীভাবে আমাকে অবিচ্ছিন্ন ধারায় সামনের দিকে নিয়ে যাচ্ছে তার দ্বান্দ্বিক বাস্তবতার হিসেব নিকেশ করাটা সহজ হত। মাতৃ-পিতৃ স্নেহের পরমশমণি যেমন প্রতিটি সন্তানকে সারাজীবন আগলে রাখে; এমনকি তাঁরা প্রয়াত হলেও-তেমনি এই তিনটি প্রপঞ্চের প্রতিটিই আমার ভাব ও ভাবনা, আত্ম প্রত্যয়ের মর্যাদাবোধকে সমুন্নত রেখে চলেছে অফুরান গতিতে। আমার মা-বাবা দুজনই আজ প্রয়াত। অপরদিকে জগন্নাথ হল তথা ঢাকা বিশ্ববিদ্যালয় ছেড়েছি প্রায় আড়াই দশক পূর্বে। কিন্তু গোটা বাংলাদেশের এককোণে আমার মমতা আর শ্রদ্ধাবোধ নিয়ে চলমান জীবনের যাপিত ভাবনাগুলোকে আমার মা-বাবার মতই জগন্নাথ হল ও ঢাকা বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণ করে ফেরে প্রতিনিয়ত। আমার বিশ্বাস এবং অধীত চিন্তাকে ছাপিয়ে তাই ঋণমুক্ত হবার তাগিদটাই এখন বড় বিষয় হয়ে দাড়িয়েছে। কিন্তু সত্যিকারই কি ঋণমুক্ত হবার কোন পথ খোলা আছে? অথবা ঋণমুক্ত হবার জন্য যে প্রতিশ্রুতি পালনের দৃঢ়তা থাকা আবশ্যক তা কি আমি ধারণ করি?

বাংলা একাডেমি প্রণীত ইংরেজী-বাংলা অভিধানে Alma Mater শব্দযুগলের অর্থ আমাকে আকৃষ্ট করেছে সমধিক। অভিধানে Alma Mater সম্পর্কে বলা হয়েছে, 'গুরুসদন' যে শিক্ষা প্রতিষ্ঠানে কোন ছাত্র শিক্ষালাভ করে কৃতবিদ্য হয়ে উঠেছে সেই প্রতিষ্ঠান'। আমার ব্যক্তিগত জীবনে কৃতবিদ্য হয়ে ওঠার কোন নামচিহ্ন না থাকলেও জগন্নাথ হল আমার Alma Mater; আমার 'গুরুসদন'। জগন্নাথ হল কোন প্রাতিষ্ঠানিক শিক্ষালয় না হয়েও আমার কাছে, আমাদের কাছে এটি শিক্ষালয়ের শিক্ষালয় হিসেবে গণ্য। ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে অনুষদের আমি ছাত্র- সপ্তাহে গড়ে সেখানে ২০ ঘন্টা থেকেছি আর জগন্নাথ হলে কাটিয়েছি ১১২ ঘন্টা। এভাবে মাস, বছরের হিসেব না করেও বলা যায় দীর্ঘ ৯ বছরের বিশ্ববিদ্যালয় জীবনের অধিকাংশ সময়ই জগন্নাথ হলে কাটিয়েছি। অনুষদ কিংবা বিভাগে পাঠগ্রহণের সীমিত সময়কে জগন্নাথ হলের ভেতরকার ছন্দোবদ্ধ ও পরিশীলিত পরিবেশের কার্যকর আবেগে নিজেকে প্রস্তুত করার অবারিত সুযোগ পেয়েছি। কি অধ্যয়নের ক্ষেত্রে, কি সংস্কৃতি চর্চার কেন্দ্রবিন্দু হিসেবে জগন্নাথ হল আমার সত্যিকার শিক্ষালয়। তবে সমাজের নানাবিধ বৈষম্যের বিরুদ্ধে একজন সচেতন মানুষ হিসেবে নিজেকে প্রস্তুত করার ক্ষেত্রে জগন্নাথ হলের ভূমিকা আমার কাছে সবকিছুকে ছাপিয়ে গেছে। গণতান্ত্রিক চেতনাবোধ আর ধর্ম নিরপেক্ষতাকে মূলধন করে যে জীবন আমারা শুরু করেছিলাম তার উৎসমূলে এই জগন্নাথ হল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন হল হিসেবে কালের সাক্ষী হয়েই শুধুমাত্র জগন্নাথ হল তার অবস্থানকে ধরে রাখেনি বরং ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণ্ডী ছাড়িয়ে সোনার বাংলাদেশের যাবতীয় অগ্রণী আন্দোলনের হাজারো অগ্রসেনানীর জন্ম দিয়েছে এই জগন্নাথ হল।

'জ্যোতি' শব্দের আভিধানিক অর্থ আলো। কিন্তু আলোকময় পৃথিবী গড়ার সংগ্রামে সাধারণ আলো কতটুকু ভূমিকা রাখতে পারে? এই সাধারণ আলোর শক্তি ও পরিধি যথাযথ মাত্রায় পেতে হলে ফিরে যেতে হবে 'জ্যোতি' শব্দের মূল চেতনার মাঝে। শুধু আলো সাধারণভাবে পৃথিবীর জাগতিক অন্ধকারকে অপসারণ করতে সমর্থ হলেও মানুষের পশ্চাদপদতা, অজ্ঞানতা, সংকুচিত দৃষ্টিভঙ্গি, ধর্মান্ধতা ও গোড়ামীর অন্ধকারকে দূর করতে পারে না। সে লক্ষ্যেই যথার্থ অর্থে আলোকিত পৃথিবীর জন্য 'জ্যোতি' তথা জ্যোতিসম্পন্ন সেই জ্যেতির্ময় মনীষীদের সন্ধান, তাঁদের যথাযথ মূল্যায়ন আজ সময়ের দাবী। জগন্নাথ হল এমন বহু জ্যোতির্ময় মনীষীদের লালন করেছে- ছড়িয়ে দিয়েছে তাঁদের কর্ম পরিধির মাধ্যমে দেশে কিংবা বিদেশে অকাতরে। চিন্তা আর কর্মপ্রয়াসের পরিশীলিত ব্যপ্তিতে এই সব মনীষীরা অনন্য স্থান দখল করেছে তর্কাতীত ভাবেই। আধুনিক জ্ঞান বিজ্ঞানের যে সকল শাখায় বাঙালি মনীষীদের বিচরণ ও সফল পদচারণা সেখানেই জগন্নাথ হলের লালিত ব্যক্তিদের নেতৃত্বদান আমাদেরকে গর্বিত করে তোলে। যুক্তিবাদিতা, অনুসন্ধিৎসা, বিজ্ঞানমনস্কতা, ধর্মনিরপেক্ষতা এবং সর্বোপরি জীবন ও জগতের প্রতি আধুনিক দৃষ্টিভঙ্গি প্রগতিশীলতার সর্বজনস্বীকৃত সূচক। আমরা জগন্নাথ হলকে পেয়েছি এই সূচকের উদগাতা হিসেবে- অনির্বান বাতিঘর হিসেবে। ঐতিহাসিকভাবে আমরা এই মন্তব্য বস্তুনিষ্ঠ ও প্রামাণ্য তথ্য নির্ভর।

আমরা যারা জগন্নাথ হলে পুরো আশির দশক কাটিয়েছি তখনকার সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত নানা ঘটনা অনুঘটনার বর্ণনা এখানে দিতে আমি আগ্রহী নই। শুধুমাত্র যে স্বপ্নের বাংলাদেশ, যে সোনার বাংলার ভাবকথা কবিগুরুর অমর রচনায় প্রতিভাত হয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধুর ক্যারিজম্যাটিক নেতৃত্বে সত্যিকার প্রতিষ্ঠা পেয়েছিল সেখানে অন্য অনেক প্রতিষ্ঠানের চাইতে জগন্নাথ হলই যে প্রথম রক্তস্নাত হয়ে গৌরবের আসনে অধিষ্ঠিত তার কার্যকারণ নতুন প্রজন্মকে অবহিত করার তাগিদই আমার কাছে অনেক বেশী তাৎপর্যপূর্ণ বলে মনে হয়। পাক শাসকগোষ্ঠী প্রায়শ

এই ভাবধারায় আচ্ছন্ন থাকত যে, তারাই ইতিহাসের নায়ক, যেমন ইচ্ছা তেমন করেই তারা চালাতে পারে সাধারণ মানুষকে, তার চেয়েও বড় কথা তারা সব সময়ই মনে করত সাধারণ মানুষ অজ্ঞ, মূর্খ এবং নির্বোধ। পরিস্থিতি আরও বেশী মারাত্মক হয়ে উঠেছিল যখন তারা এমন আচরণ করা শুরু করল যে, ইতিহাসের যেন কোন আইন নেই, তারাই আইন। একটা স্বাধীনচেতা জনগোষ্ঠীর স্বাভাবিক প্রাপ্তি ও আত্মবিকাশের পথকে রুদ্ধ করে জিন্নাহ থেকে ভুট্টো পর্যন্ত সবাই সামন্তবাদী ও ঔপনিবেশিক কায়দায় গোটা বাঙালি জাতিকে চিরদিনের জন্য দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ রাখতে চেয়েছিল। জ্ঞান-বিজ্ঞান ও সমন্বিত শক্তির চেতনায় জাগরণমুখী বাঙালিকে ধর্মের বেড়াজালে, কুসংস্কারের অন্ধকার গুহায় এবং অজ্ঞানতার পশ্চাতমুখীনতা দিয়ে আড়ষ্ট করেই তারা ক্ষান্ত হতে চায়নি; চরম অর্থনৈতিক বৈষম্যের দ্বারা বাঙালিকে চিরদিনের মত পঙ্গু এবং অথর্ব করে রাখার যাবতীয় আয়োজনই তারা সম্পন্ন করেছিল। কিন্ত বাঙালিরা তা মেনে নেয়নি। গণতান্ত্রিক প্রতিবাদের প্রক্রিয়া যখন নস্যাৎ করার ষড়যন্ত্র হয়েছে তখনই গোটা জাতিকে ঐক্যবদ্ধ করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর স্বমহিমায় অর্জিত ক্ষমতা দিয়ে- মানুষকে ভালবাসার অফুরান প্রাণশক্তি দিয়ে প্রতিরোধ সংগ্রামের উদাত্ত আহবান জানালেন। অবশেষে সোনার বাংলার অস্তিত্ব ঘোষিত হল লক্ষ প্রাণের বিনিময়ে; অসংখ্য মা-বোনের ইজ্জতের বিনিময়ে। এগুলো আমাদের কাছে কোন সাধারণ ইতিহাস নয়। বরঞ্চ এটাই বলা উচিত আমাদের মুক্তিযুদ্ধের প্রস্তুতি পর্ব থেকে শুরু করে বিজয় অর্জনের ক্ষণটি পর্যন্ত যা কিছু ঘটেছে তার ইতিবৃত্তই সব ইতিহাসের সেরা ইতিহাস। গোটা বাঙালি জাতিকে ধ্বংস করে দেবার নারকীয় প্রচেষ্টার বহিপ্রকাশ ঘটেছিল ২৫ মার্চ কালো রাতের গণহত্যার মধ্য দিয়ে। তার পরদিন থেকেই শুরু হয়ে যায় মুক্তিযুদ্ধের সচল দামামা; একটি জাতিকে মুক্ত করার অগ্রযাত্রা। "তোমাদের যার যা কিছু আছে তাই দিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে............... ঘরে ঘরে দুর্গ গড়ে তোল................."। বঙ্গবন্ধুর রচিত পৃথিবীর সেরা কাব্যের অমর পঙক্তির মৃত্যুঞ্জয়ী আহবানে বাঙালিরা আর পেছনে তাকায়নি। দীর্ঘ নয়মাসের জীবনমরণ সংগ্রাম আর অনেক বন্ধু রাষ্ট্রগুলোর অকুণ্ঠ সমর্থনে শেষ পর্যন্ত অর্জিত স্বাধীনতার আমরা উত্তরাধিকার। এই মুক্তিযুদ্ধে যাঁরাই জীবন দিয়েছেন-ইজ্জত দিয়েছেন, যাঁরা সর্বস্ব হারিয়েছেন তাঁদের সবার প্রতি আমাদের ঋণের কোন শেষ নেই। তবে বাঙালি জাতিকে চিরতরে পঙ্গু করে রাখার নীলনকশা বাস্তবায়নে প্রগতিশীল ও গণতান্ত্রিক মূল্যবোধ কেন্দ্রীক প্রতিষ্ঠান তথা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জগন্নাথ হলের উপর নৃশংস আক্রমণ ছিল পাক শাসকদের পূর্ব পরিকল্পিত।

জগন্নাথ হল বাংলাদেশের মুক্তিযুদ্ধের যাবতীয় ইতিহাসের কালের সাক্ষী। মুক্তিযুদ্ধের পূর্ব প্রস্তুতি কিংবা পরবর্তীতে যা কিছু সবক্ষেত্রেই জগন্নাথ হলের ভূমিকা সচেতন মহলে সুবিদিত। কিন্ত আমার আত্মজিজ্ঞাসার একটি বিশেষ দিক হচ্ছে জগন্নাথ হলকেই কেন প্রাথমিক ও গুরুত্বপূর্ণ লক্ষকেন্দ্র হিসেবে গণ্য করেছিল পাক শাসকেরা? একথা নিশ্চিত করেই বলা যায় ধর্মের বর্ম পরা পাকশাসকরা ধর্মনিরপেক্ষতা চর্চার কেন্দ্রবিন্দু জগন্নাথ হলকে মেনে নিতে পারে নি। ২৫ মার্চ কালো রাতে জগন্নাথ হলে যে গণহত্যা চালানো হয়েছিল তা বর্ণনাতীত। শুধুমাত্র ধর্মনিরপেক্ষতা আর গণতান্ত্রিক মূল্যবোধের সূতিকাগার ছিল বলেই এই আক্রমণ। অবশ্য এনিয়ে কোন দ্বিধা থাকার কথা নয় যে সমস্ত প্রগতিশীল চিন্তাভাবনার কেন্দ্রবিন্দুতে জগন্নাথ হলের যে অস্তিত্ব কাঠামো তাতে এমনটি হওয়াই স্বাভাবিক। কী নৃশংসভাবে জগন্নাথ হলের নিরীহ ছাত্র-কর্মচারীদের হত্যা করা হয়েছে তা ইতিহাসে নজিরবিহীন। আর সবচেয়ে মর্মবিদারী ঘটনা হল জগন্নাথ হলের আবাসিক শিক্ষকবৃন্দকে নির্বিচারে হত্যার বিষয়টি। কী অপরাধ করেছিলেন ড. গোবিন্দ চন্দ্র দেব, অধ্যাপক অনুদ্বৈপায়ন ভট্টাচার্য, অধ্যাপক জ্যোতির্ময় গুহঠাকুরতা কিংবা অধ্যাপক সন্তোষ চন্দ্র ভট্টাচার্য-এসব মনীষীতুল্য ব্যক্তিত্বরা? শহীদ বুদ্ধিজীবী দিবসে আমরা অপরাপর শহীদ বুদ্ধিজীবীদের সাথে এঁদেরকেও স্মরণ করি গভীর শ্রদ্ধা ও ভালোবাসায় সিক্ত করে; আর এভাবেই আমাদের দায়িত্ব শেষ করি। কিন্ত আমরা এভাবেই কী দায়মুক্তি পেতে পারি এটাই আজ অনেক বড় একটা জিজ্ঞাসা।

দ্বান্দিক বাস্তবতায় শ্রেণিবিভক্ত সমাজে নিরপেক্ষতার কোন স্থান নেই। জগন্নাথ হল কিংবা এর লালিত কোন কালের কোন প্রজন্মের মানুষরা কখনও নিরপেক্ষ ছিলেন না। সংগ্রামে, সংস্কৃতি চর্চায়, মূল্যবোধে বস্তুতঃ নিরপেক্ষতার কোন স্থান নেই। সাম্যবাদী দার্শনিকদের সেই উক্তিটি এখানে প্রণিধানযোগ্য- "We are always a partisan; for or against"- প্রত্যেককেই হয় এ পক্ষ না হয় ও পক্ষকে সমর্থন যুগিয়ে তবে চলতে হয়। এ হল তত্ত্বের কথা। আর বাস্তবে জগন্নাথ হল কখনই প্রগতির বিপক্ষে অবস্থান নেয়নি। নেয়নি বলেই ড. গোবিন্দ চন্দ্র দেব, অধ্যাপক সন্তোষ চন্দ্র ভট্টাচার্য, অধ্যাপক অনুদ্বৈপায়ন ভট্টাচার্য, অধ্যাপক জেত্যির্ময় গুহঠাকুরতাদের মত মহান শিক্ষককে জাতি হারিয়েছে। আর সে সঙ্গে অজিত রায় চৌধুরী, সত্যরঞ্জন নাগ, রবীন রায়, দীনেশ চন্দ্র শিকদার, সুব্রত সাহাদের মত অসংখ্য মেধাবী ছাত্রদেরকে শহীদ হতে হয়েছে। প্রাণ দিতে হয়েছে জগন্নাথ হলের শিবু মোদক, সুনীল চন্দ্র দাস, প্রিয়নাথ রায়, দুঃখীরাম মণ্ডলদের মত অনেক নিরীহ কর্মচারীদের। তাইতো বলি এই সেই জগন্নাথ হল যেখানে অতি প্রত্যুষে ঝিলমিল করে ওঠা, মধ্যাহ্নে অতীব সমুজ্জ্বল আর সন্ধ্যায় নক্ষত্রের মত জ্বলজ্বল করা প্রজন্ম থেকে প্রজন্মের প্রতিটি ব্যক্তিই আপসহীন প্রগতির ধ্বজাধারী একেকজন সূর্যসেন কিংবা আজীবনের মুক্তিযোদ্ধা।

আজকাল যেনতেন প্রকারে সাফল্য অর্জন যেখানে অধিকাংশের আরাধ্য, সামাজিক স্বীকৃতি অর্জনে অনৈতিক প্রতিযোগিতার অশুভ কার্যক্রম যেখানে অনেকটা সহনীয় হয়ে উঠছে সেখানে জগন্নাথ হলের প্রায় শতাব্দী প্রাচীন প্রগতিশীলতার ঐতিহ্য কিছুটা হলেও জাতিকে পথ দেখাতে পারে। '৭১ এ ২৫ মার্চের পর আরেক দুঃসহ স্মৃতিময় '৮৫ এর ১৫ অক্টোবরের ক্ষতকে জগন্নাথ হল এখনও বয়ে বেড়ায়। এ যেন বৈষম্যের ভিতরেও গভীরতম বৈষম্য আর অবহেলার প্রতিরূপ। তবুও আশার কথা ১৫ অক্টোবরকে মোকাবেলা করার ক্ষেত্রে শুধু গোটা ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারই নয়; সারা দেশের মানুষই যেন '৭১ এর মত আরেকবার ঐক্যবদ্ধ হয়ে প্রতিরোধ করেছিল সেই দুর্যোগকে। আরও আশান্বিত হবার বিষয় যে, কোন কিছুই জগন্নাথ হলের গতিকে রুদ্ধ করতে পারেনি। না ৭১ এর ২৫ মার্চ না ৮৫ এর ১৫ অক্টোবর।

ঐক্য আর প্রগতির ধারাকে অব্যাহত রাখার প্রত্যয় যেন জগন্নাথ হলের প্রাণবায়ু। এই প্রাণবায়ুর আমি একজন ভোক্তা ছিলাম, তিল তিল করে গড়ে তোলা পূর্বসুরীদের মহান আদর্শের পদাঙ্ক অনুসরণ ছিল আমার সবকিছুর কেন্দ্রবিন্দুতে-এই আমার গর্ব। আলোকিত বাংলাদেশ গড়ার সাকুল্য সংগ্রামে জ্যোর্তিময় জগন্নাথ হল আগের মতই অগ্রণী থাকুক-এই আমার প্রত্যাশা। কাজেই ঋণমুক্তির ভাবনা আর আমার কাছে বড় নয়-বড় এটাই যে, মানবতাবোধ, ধর্মনিরপেক্ষতা আর সুস্থ সংস্কৃতিচর্চার প্রাণকেন্দ্র জগন্নাথ হল নিজের গণ্ডী ছাড়িয়ে প্রগতির নেতৃত্বে সমাসীন থেকে হাজারো প্রজন্মকে ঋণী করে রাখুক।

উপসচিব, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আলোকসঞ্চারী আমার জগন্নাথ হল

হরিদাস ঠাকুর

সংস্কৃতে একটি শ্লোকে আছে, 'সর্বত্র জয়মিচ্ছেৎ পুত্রাৎ শিষ্যাৎ পরাজয়ঃ মিচ্ছেৎ-সর্বত্রই মানুষ জয়লাভের ইচ্ছা পোষণ করে, পুত্র ও শিষ্যের কাছেই শুধু পরাজিত হতে চায়।' পুত্রের কাছে শিষ্যের কাছে পিতা ও গুরুর পরাজয় মানে পিতা ও গুরুর উৎকর্ষতার চরম প্রকাশ। ইতিহাসে পিতা ও পুত্রের; গুরু ও শিষ্যের একে অপরকে ছাড়িয়ে যাওয়ার ঘটনা বিরল না হলেও অহরহ দেখা যায় না। আমরা যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করার সুবাদে জগন্নাথ হলের আবাসিক ছাত্র ছিলাম তাঁদের অনেকেই আজ জ্যোতিষ্কের মতো আলো ছড়াচ্ছে দেশে এবং দেশের গণ্ডী ছাড়িয়ে পৃথিবীর অনেক দেশে। বস্তুত সেই অর্থে জগন্নাথ হল আমাদের আশ্রয়দাতা পিতার ভূমিকাই শুধু পালন করেনি জ্ঞানার্জনের ধাত্রীমাতার ভূমিকাতেও সমুজ্জ্বল। আর আমাদের ধাত্রীমাতা জগন্নাথ হলও তার সন্তানদের নিয়ে গর্বিত। জগন্নাথ হলের আঙ্গিনায় পদচারণা রাখা শহ শত হাজার ছাত্র আজ শুধু বাংলাদেশে নয় বরং বিশ্বের সকল প্রান্তে আজ পরিব্যাপ্ত। উল্লেখ্য যে, জগন্নাথ হল একটি জ্ঞানপীঠ-জগন্নাথ হল একটি বিশাল মহীরুহ-জ্ঞানের পথের মহান সোপান। শত শত অমিত প্রতিভাধর মানবের বিচরণভূমি। জগন্নাথ হল একটি ইতিহাস-একটি ঐতিহ্য। আপন মনের মাধুরী মিশিয়ে জগন্নাথ হল সৃষ্টি করেছে কবি-দার্শনিক-বৈজ্ঞানিক-সমাজসেবক-রাজনৈতিক ব্যক্তিত্ব-শিল্পী-কলা কুশলী-কুশলীব এবং হাজারো সৃষ্টিশীল মানুষদেরকে যারা ইতিহাসে নাম লিখিয়েছেন আপন প্রতিভার স্ফুরণ দ্বারা। জাতির মননে-আত্মজাগরণে-জাতির কল্যাণে-জাতির সামনে চলনে-মেধা অনুশীলনে-মেধার লালনে- জাতির বিবেক প্রজ্জ্বলনে ও প্রক্ষালণে এমনকি জাতির ক্রান্তিলগ্নের আত্মত্যাগে ও আত্মদানে জগন্নাথ হল একদমই সামনের সারিতে মাথা উঁচু করে দণ্ডায়মান।

প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন তিনটি হলের অন্যতম জগন্নাথ হল। ধর্মে-মর্মে ও চেতনায়, কৃতি ও সংস্কৃতিতে প্রতিষ্ঠা পর থেকেই জগন্নাথ হল রেখেছে মানবিক ও অসাম্প্রদায়িক সৌন্দর্য ও সৌকর্যের এক অনুপম পরাকাষ্ঠা। ইতিহাস ও ঐতিহ্যের আলোকশিখায় সমুন্নত এ বিশ্ববিদ্যালয়ের উজ্জ্বল সব মহানায়কেরা সমাজ-সভ্যতা ও প্রগতির পথে;নতুন চেতনা ও মানবতার রথে সৃষ্টি করেছেন নব নব ইতিহাস। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাচীনতম জগন্নাথ হলও সে উজ্জ্বল ইতিহাস ও ঐতিহ্যের ধারক ও বাহক।

সনাতন হিন্দু দর্শন অনুযায়ী একজন মানুষকে জীবনে পাঁচটি ঋণ পরিশোধ করতে হয়। মনুর মতে এ ঋণগুলো হচ্ছে-(১) দেব ঋণ;(২) ঋষিঋণ; (৩) পিতৃ-মাতৃ ঋণ; (৪) নৃ-ঋণ এবং (৫) ভূত ঋণ।

'ঋষিযজ্ঞং দেবযজ্ঞং ভূতযজ্ঞং সর্বদা
নৃযজ্ঞং পিতৃযজ্ঞং যথাশক্তি না হ্যপয়েৎ।
ঋষিযজ্ঞ, দেবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ভূতযজ্ঞ ও নৃযজ্ঞ-এই পঞ্চযজ্ঞ মহাযজ্ঞশক্তি অনুসারে করবে। কখনই ত্যাগ করবে না।

এর মধ্যে ঋষি ঋণ হচ্ছে আমাদের শিক্ষা/জ্ঞানার্জন সংক্রান্ত ঋণ। আমি যাঁদের কাছ থেকে শিখলাম বা জানলাম অথবা যাঁরা তাঁদের অক্লান্ত পরিশ্রম ও মেধা দ্বারা আমার জ্ঞানচক্ষুর উন্মেষ ঘটালেন সে সকল শিক্ষক/শিক্ষিকাগণের প্রতি আমার যে ঋণ তা হচ্ছে ঋষি ঋণ। শিক্ষা/জ্ঞান অর্জনের জন্য আমরা শিক্ষা প্রতিষ্ঠান/ জ্ঞানের ধ্বজাধারী আলোকময় প্রতিষ্ঠানকেও অন্তর্ভূক্ত করতে পারি। জগন্নাথ হল হলো আমাদের সেই শিক্ষাগুরু সমতুল্য আলোক বর্তিকার বাতিঘর (Light House) যা অন্ধকারের উৎস হতে উৎসারিত অলোর ঝরণাধারা আমাদের সামনে মেলে ধরেছে-আমাদের ঋদ্ধ করেছে-আমাদের আবদ্ধ করেছে ঋষি ঋণে।

জগন্নাথ হল ও বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং ১৯৭১ সালে স্বাধীনতালাভ-রক্তের বন্ধনে অচ্ছেদ্য। ১৯৭১ একটি সংখ্যা-বাঙালির আবেগের রসে সিক্ত; একটি আবেগ- বাঙালির প্রাণের ভেতর থেকে উত্থিত; একটি শব্দ- বাঙালির হাজার বাক্যের ভাবপ্রকাশক; একটি দর্শন-বাঙালি জাতির মানসলোকের উদগাতা; একটি ধর্ম-বাঙালির জীবনচলার পাথেয়; একটি সঙ্গীত- বাঙালিকে একসূত্রে গাঁথার তাল-লয় ও ছন্দ এবং একটি অমিতজয়ী তেজ-বাঙালির মুক্তি আন্দোলনের চালিকাশক্তি। ১৯৭১, এ সংখ্যাটি/শব্দটি মুক্তিসংগ্রামের স্মারক, মানবতার উন্মেষের পরিচায়ক, সম্প্রীতির ধারক; অসাম্প্রদায়িক চেতনার উদগাতা, শাসন-শোষণ-নির্যাতন-উৎপীড়ন-অবহেলার বিরুদ্ধে জ্বলন্ত অগ্নিশিখা, শোষিত-বঞ্চিত ও অবহেলিত মানুষের শৃঙ্খল ভাঙার হুঙ্কার এবং সাম্য-মৈত্রী-জাগরণ ও জীবন ঘনিষ্ঠ ভ্রাতৃত্বের আবাস গড়ার এক উজ্জ্বল কর্মযজ্ঞ/মর্মযুদ্ধ। ১৯৭১ এই একটিমাত্র শব্দ/সংখ্যা দ্বারাই বাঙালির হাজার বছরের সংগ্রাম-চেতনা-আবেগমথিত ভাবধারা-সম্মিলিত প্রয়াসের মহত্তম অর্জনের নির্যাস ইত্যাদি উৎকৃষ্ট প্রত্যয়/চেতনার অধিকাংশের প্রকাশ করা সম্ভব। জগন্নাথ হল এই মহান সংগ্রামী চেতনা ও আদর্শের সাথে একাকার হয়ে ইতিহাসে সমুজ্জ্বল।

শত শহীদের রক্তের আঁখরে লেখা নাম জগন্নাথ হল আমাদের গর্বিত জীবনের আলোকবর্তিকা। আর তাইতো জগন্নাথ হল আমাদের কাছে চিরজীবনই থাকবে অম্লান ও অক্ষয়। জগন্নাথ হলের শহিদের রক্ত আমাদের বিজয়ী হতে অনুপ্রেরণা জোগায়-আমাদে নব জীবনের নব চেতনায় নান্দনিক উদ্ভাসে উদ্ভাসিত করে-লক্ষ্যভেদী পণে আমাদের জারিত করে।

আটচল্লিশ, বায়ান্ন, চুয়ান্ন, উনসত্তর
সত্তর, একাত্তর, পঁচাশি, নব্বই
হাজার বছর প্রজ্জ্বলিত ইতিহাসের পথে
সবসময়ে ছিলে তুমি ঝাণ্ডা হাতে অগ্রপথিক
ঢাকার বুকে পিচঢালা অজেয় রাজপথ
তুমি রক্তের হোলিখেলার সাক্ষী জগন্নাথ।

সাত মার্চ, চৌদ্দ ডিসেম্বর পেরিয়ে ষোল ডিসেম্বর
একুশে ফেব্রুয়ারি আমার ছাব্বিশের প্রচ্ছদ
মার্চ করে সব তারিখেরা সামনে এসে দাঁড়ায়
মানুষের রক্তে ভেজা মানুষের লাশে সিক্ত রাজপথ
তুমি রক্তের হোলিখেলার সাক্ষী জগন্নাথ।

চার মূলনীতির মাঝে বাঙালিত্বের প্রকাশ
ছয় দফায় তেজোদীপ্ত এগারো দফায় কাবু
ছাত্র বুকে জ্বলে আগুন ইতিহাস উত্তাল
বীর বাঙালি অস্ত্র ধরে মরে লাখে লাখে
জ্ঞানতাপস ঋষিযোদ্ধা মায়ের অগ্নিশপথ
তুমি রক্তের হোলিখেলার সাক্ষী জগন্নাথ।

পচিশ মার্চ নরপশুর রক্ত হোলিখেলা
অক্টোবর পনেরতে জীবন বলিদান
মায়ের কষ্ট বোনের কষ্ট ভায়ের কষ্ট মিলে
বাবার বুকে কষ্ট সাগর লবণাক্ত হ্রদ
স্মৃতির মিনার থমকে দাঁড়ায় বুকে কষ্টরথ
তুমি রক্তের হোলিখেলার সাক্ষী জগন্নাথ।

কষ্টপাথর গলে হবে কবে বলো জল
কষ্ট বুকে দাঁড়িয়ে তুমি জগন্নাথ হল।
আলোর শিখা ধ্রুবতারা ছাত্র বুকে বল
আলোকসঞ্চারী তুমি আমার জগন্নাথ হল।

শ্রীমদ্ভগবগীতার ধ্যানমন্ত্রে বলা হয়েছে " প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপানয়ে। জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ।।" অর্থাৎ " শরণাগতের পক্ষে পারিজাত বা কল্পবৃক্ষতুল্য-তাড়নার নিমিত্ত বেত্রদ-হস্তাবৃত ও জ্ঞানমুদ্রাবিশিষ্ট হস্তধারী এবং গীতারূপ অমৃত দোহনকারী শ্রীকৃষ্ণকে নমস্কার করি।" বলা হয়ে থাকে সভ্যতার শুরু হয়েছে সেদিন যেদিন মানুষ তার তর্জনী ও অঙ্গুষ্ঠাঙ্গুলি মিলিত করে জ্ঞানমুদ্রা আবিষ্কার করেছে অর্থাৎ লিখতে শিখেছে-জ্ঞান অর্জন করতে শিখেছে। আমরা তাই শ্রীমদ্ভগবগীতার ধ্যানমন্ত্রে জ্ঞানমুদ্রার [অর্জুনকে উপদেশ দেবার নিমিত্ত শ্রীকৃষ্ণের তর্জনী ও অঙ্গুষ্ঠাঙ্গুলি মিলিত করে মুদ্রা তা জ্ঞানমুদ্রা] কথা উচ্চারিত হতে দেখি আলোক বর্তিকার মতো। জ্ঞানপীঠ-প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল জন্ম দিয়েছে অনেক কর্মবীরের-জ্ঞান তাপসের এবং আলোকিত মানুষের যাঁরা বাংলাদেশ তথা বিশ্বদরবারে আপন মহিমায় সমাসীন। ধাত্রীমাতা জনগন্নাথ হলের একজন প্রাক্তন আবাসিক ছাত্র হিসেবে বর্তমান অবস্থায় দাঁড়িয়ে আজ আমার এবং আমার মতো অনেকের কাছেই জগন্নাথ হল আমাদের জীবনের ইতিবাচক বাঁক পরিবর্তনকারী আলোকবর্তিকা স্বরূপ (Light House of our Life)-বাতিঘরের বাতি নিয়ে দীপ্তমান। জগতের আনন্দযজ্ঞে যে নিমন্ত্রণ আমরা জগন্নাথ হলের মাধ্যমে পেয়েছি তা আজ আমাদের জ্ঞান অন্বেষায়-বিশাল কর্মযজ্ঞে এবং সর্বোপরি মানবতার অবগাহনে আমাদের ভাসিয়ে নিচ্ছে-আমাদের পৌঁছে দিয়েছে হেথায়-হোথায়-অন্য কোনখানে-কোন এক বিশাল পরিসরের বৃহৎ মানবের মহামিলনে আলোকের ঝরণাধারায়।

অধ্যক্ষ (উপ-নিবন্ধক),আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী।

ফিরিয়ে দাও আমার পরিচয়, অহংকার, আমার স্বভিমান !!

দেবাশীষ

ভেবেছিলাম এ ব্যাপারটা নিয়ে লিখবো না, কিন্তু সে একই প্রশ্ন কি করে যেন বারবার আমার বিভিন্ন সময়ের পোস্টের মন্তব্যে চলে আসে। অনেকেই বলেন, দেশের জন্যে এতো ভালোবাসা, দেশ নিয়ে এতো ভাবেন - লিখেন, বিলেতে পড়ে আছেন কেন ? বলি, অনেক অভিমান বুকে নিয়ে দেশ ছেড়েছি। আমি যে দহন সয়েছি, আমার পরবর্তী প্রজন্মকে যাতে সে দহন সইতে না হয়। অনেকেই বলেন, হিন্দুরাতো বাংলাদেশে ভালোই আছেন, কি চাকরীতে, কি ব্যবসায়, এ আপনার মিথ্যে কথন, নিজে ভালো থাকার ইচ্ছেতেই স্বার্থপরের মতো দেশ ছেড়েছেন। আমি কিছুই বলি না, শুধু নিজের অজান্তেই এক দীর্ঘশ্বাস বেড়িয়ে পড়ে ভেতর থেকে ।

খুব ছোট বেলায়, পোর্ট কিন্ডার গার্ডেন স্কুলে পড়াকালীন সময়ে, সকাল বেলা স্কুল এসেম্বলিতে "পাক সার জমিন" গাইতাম। তখন শিশু মনে ভীষণ রাগ হতো। এ গান গাইতে ভালো লাগে না, এ ভাষার কিছুই তো বুঝি না, এতো আমার ভাষা না। স্কুলে সংখ্যাগরিষ্ঠ অবাঙ্গালি ছাত্র - ছাত্রী এই গানটা গাইতো প্রাণের টানেই। আমার শিশু মন স্পষ্ট বুঝতে পারতো, এরা আমার লোক না, এরা আমার ভাষায় কথা বলে না, এটা আমার গান না। আমাদের পরিচিতি (Identity) ছিল "বাঙ্গালী হিন্দু" । উঁচু ক্লাসের কিছু ছেলে প্রায়ই মারার ভয় দেখিয়ে বলতো, " লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ " বল, বা গরুর মাংসের তৈরি কোন খাবার জোর করে খাইয়ে দিয়ে উল্লাসে বলতো “তু তো মুসলমান হো গ্যায়া।” প্রায়ই বলতো, "তেরা মুল্লুক ইন্ডিয়া মে চলি যা"। মার খাওয়ার ভয়ে "লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ" বলতাম, বা গরুর মাংসের তৈরি খাবার খেয়ে নিতাম। শিশু মনে প্রচণ্ড আঘাত লাগতো, আমি কি তাহলে অন্য কেউ হয়ে গেলাম, আমাকে কি আমার মা - বাবা আর চিনতে পারবে না বা মুসলমান হয়ে যাওয়াতে কি বাড়ি থেকে বের করে দেবে? শিশু মনের এ ভয় আমায় কুঁকড়ে রাখতো । তখন ভাবতাম, বাবা আমাদের নিয়ে এ পরভূমে পড়ে আছে কেন ? আমাদের বাঙ্গালীদের দেশে নিশ্চয়ই আমাকে এভাবে কেউ মারবে না, ভয় দেখাবে না !!! তবে একটি ভাবনা কখনোই মেলাতে পারতাম না, ভারত আমার দেশ হতে যাবে কেন? ভারতে আমার পূর্বপুরুষদের কেউ জন্মায়নি, ভারতীয়রা তো বাংলায় কথা বলে না ? বাবাকে জিজ্ঞেস করে জেনেছি, বাবা বা মা এমনকি বেড়াতে পর্যন্ত তখন অব্দি কেউ ভারতে যায়নি !!!

আমাদের বাসায় সরকার নিয়োজিত কুক ছিলেন ইমতেয়াজ মিয়া, বাঙ্গালী । আমরা কাকা বলেই জানতাম, ডাকতাম, ইমতেয়াজ চাচা বলে । উনিই আমাদের কোলে পিঠে করে বড় করেছেন । ওনাকে বাসায় পাঁচ বেলা নামাজ পড়তে দেখতাম। জানতাম উনি ধর্ম বিশ্বাসে মুসলমান। ওনার তৈরি খাবার ওনার হাতেই খেতাম, কিন্তু কখনো ধর্মচ্যুত হওয়ার ভয় পেতাম না । ওনাকে নিজের লোক মনে হোতো, কারণ উনি বাঙ্গালী, উনিও পিতৃস্নেহে আমাদের লালন করতেন । বড় হয়ে বুঝতে পারলাম, কলেমা বললেই বা গরুর মাংস খেলেই কেউ মুসলমান হয়ে যায় না। ধর্মীয় বিশ্বাস বা যে কোন বিশ্বাসই মনের অনেক ভেতরে গ্রথিত, তা সহজেই পরিবর্তনীয় না ।

১৯৭১, বাঙ্গালীর স্বাধিকারের যুদ্ধ শুরু হলো, বাবার কাছে জানতে পারলাম বাঙ্গালীরা তাদের স্বভূম আদায়ের দাবীতে লড়াই করছে। আমার শিশু মনও মুক্তির চিন্তায় উল্লাসিত হলো। আমাকে আর ওই বুঝতে না পারা ভাষায় গান গাইতে হবে না, আমাকে আর স্কুলে প্রতিদিন মুসলমান হতে হবে না, মা - বাবার বাড়ি থেকে তাড়িয়ে দেয়ার ভয়ও থাকবে না।

বাংলাদেশ স্বাধীন হলো, বাঙ্গালী স্বভূম পেল, হিন্দু - মুসলমান - বৌদ্ধ - খ্রিস্টান যারাই বাংলা বলে, যারাই এ দেশের ভূমিপুত্র, এ দেশ তাদেরই দেশ, ধর্মনিরপেক্ষ বাংলাদেশ, বাংলা ভাষা রাষ্ট্রীয় স্বীকৃতি পেল।" বাঙ্গালী হিন্দু "পরিচিতি থেকে ধর্মীয় পরিচয় " হিন্দু " বাদ দিয়ে

'হিন্দু' বাদ দিয়ে জাতিগত পরিচয় " বাঙ্গালী " পরিচয়ে স্বভূমে ফিরলাম । কিন্তু হোঁচট খেতে বেশি দিন লাগলো না । ১৯৭৪ এ সারা দেশে দুর্গা মূর্তি ভাঙ্গা হলো । সেবার পূজা মণ্ডপে ভলান্টিয়ার হতে না পারার শোকে আমার শৈশব আবার আহত হলো । ১৯৭৫ এর পরবর্তী সময়ে, আশির দশকে আবার আঘাত, হিন্দু - মুসলমান - বৌদ্ধ - খ্রিস্টান বাঙ্গালীর বাংলাদেশ পৃথিবীতে নতুন করে ধর্মীয় পরিচয়ে অভিষিক্ত হলো, বাংলাদেশের রাষ্ট্রধর্ম হলো- ইসলাম । আশ্চর্য হলাম, ধর্ম তো মানুষের বিশ্বাস, রাষ্ট্রের আবার ধর্ম থাকে কি করে !!! তখন কলেজে পড়ি, তরুণ, সবে ছাত্র রাজনীতি করতে শুরু করেছি, আমার তরুণ মন ক্ষত - বিক্ষত হলো !! বেশ বুঝতে পারলাম, পাকিস্তানি আমলে আমার "বাঙ্গালী হিন্দু" পরিচিতি থেকে "হিন্দু" বাদ দিয়ে বীরবেসে "বাঙ্গালী" পরিচয়ে যে বাংলাদেশে ফিরলাম, সে বাংলাদেশে আমার মূল জাতীসত্ত্বা, মূল পরিচয় "বাঙ্গালী" বাদ গিয়ে শুধু ধর্মীয় "হিন্দু" পরিচয়টাই রয়ে গেলো । বাঙ্গালী হওয়া সত্যেও হিন্দু - বৌদ্ধ - খ্রিস্টানরা বাঙ্গালীর দেশ বাংলাদেশে সংখ্যালঘু হয়ে গেলো । স্বাধীন বাংলাদেশেই যোগ্যতা থাকা সত্যেও, শুধু হিন্দু পরিচয়ের জন্য, ভারপ্রাপ্ত চীফ ইঞ্জিনিয়ার থেকে চীফ ইঞ্জিনিয়ার পদে বাবার প্রমোশন ১৩ বছর আটকে ছিল ।

কলেজ / বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন সময়ে নির্মল বন্ধুত্বের স্বাদ পেলাম, সহপাঠী - সতীর্থদের " বন্ধু " পরিচয়ে আমার ধর্মীয় পরিচয়টা বাদ পড়লো । অধিকাংশ সতীর্থের কাছেই " হিন্দু বন্ধু " না, কেবল " বন্ধু " পরিচয়ে পরিচিত হতাম । " বন্ধু " বন্ধুই, সারা পৃথিবীতে এ একটি সম্পর্কেই বোধ হয় কোন ধর্মীয় পরিচয় থাকে না ।

বিলেতে জন্মসূত্রে বা নাগরিকত্ব পাওয়া আপামর জনগণের পরিচয় " ব্রিটিশ " । এখানে সাংবিধানিকভাবে কেউ সংখ্যাগুরু বা সংখ্যালঘু না । সব দাপ্তরিক কাজে ব্রিটিশ নাগরিক পরিচয়ের পাশাপাশি আমাদের এথনিক পরিচয় " বাঙ্গালী " এটা লিখতে হয় । এটা কোন বিভাজনের জন্যে না বা অধিকার বিষয়ক ভিন্নতার জন্যে না, এটা ডেমোগ্রাফিক তথ্য রাখার প্রয়োজনেই নেয়া হয় । ব্রিটিশরা অন্তত আমার জাতিসত্ত্বাকে সম্মান দিয়েছে । কিন্তু বাংলাদেশে জাতিগত পরিচয় । বাঙ্গালীর চাইতেও আমার ধর্মীয় পরিচয় হিন্দু, এটাই প্রাধান্য পায় । আশ্চর্যজনকভাবে স্বাধীনতার এতো বছর পরও হিন্দুদের বাঙ্গালী হিসেবে স্বীকৃতি বা বাংলাদেশের ভূমিসন্তান হিসেবে স্বীকারের জাতীয় মানসিকতা এখনো তৈরি হয়নি । না হয়, বাংলাদেশ এখন প্রায় হিন্দুশূন্য হতো না । আগামী পঁচিশ - ত্রিশ বছর পর হয়তো বাংলাদেশে ভূমিসন্তান হওয়া সত্যেও বাঙ্গালী হিন্দুদের অস্তিত্ব থাকবে না ।

সংবিধানের যে অষ্টম সংশোধনী, আপামর বাঙ্গালীদের রাষ্ট্র বাংলাদেশকে ধর্মীয় লেবাসে মুড়ে দিলো, সাম্প্রতিক সময়ে সে অষ্টম সংশোধনী বাতিল হওয়া সত্যেও বাংলাদেশের রাষ্ট্রধর্ম "ইসলাম" ই রয়ে গেলো, আর ধর্মীয় বিশ্বাসে বাঙ্গালী মুসলমান ছাড়া বাকী ধর্মীয় বিশ্বাসীরা বাঙ্গালী হওয়া সত্যেও রয়ে গেলো " সংখ্যালঘু " হয়ে । যে হিন্দু - বৌদ্ধ - খ্রিস্টান শিশুটা আজ বাংলাদেশের মাটিতে জন্ম গ্রহণ করেছে, বাংলাদেশ তার পিতৃভূমি হওয়া সত্যেও, বাংলাদেশের সে ভূমিসন্তান হওয়া সত্যেও, দ্বিতীয় শ্রেণীর নাগরিক হয়েই জন্ম নিলো । এর চাইতে দুর্ভাগ্যজনক আর কি হতে পারে!!! ওই শিশু আর রোহিঙ্গাদের মধ্যে পার্থক্য কোথায় ?? !!! স্বাধীন বাংলাদেশ আমাকে "হিন্দু" পরিচয়ে পরিচিত করার চাইতে বাংলাদেশের ভূমিসন্তান "বাঙ্গালী" পরিচয়ে পরিচিত করুক, এটাই চেয়েছি । কিন্তু বাংলাদেশের স্বাধীনতা আমার "হিন্দু" বা "মালাউন" পরিচয়টাই (identity) বহাল রাখলো, "বাঙ্গালী" হতে দিল না !!! আমার পরিচয় আমি বাঙ্গালী, আর এটাই আমার অহংকার - আমাদের হাজার বছরের ঐতিহ্য, আমার স্বভিমান; ফিরে পেতে চাই আমার পরিচয়, আমার স্বভিমান !! পৃথিবীকেও ছেড়ে যেতে চাই "বাঙ্গালী" হিসেবে, বাংলার মাটিতে, আমার পিতৃভূমিতে ।

প্রাবন্ধিক, রম্যলেখক ও বিশিষ্ট ব্যবসায়ী ।

জাগ্রত জগন্নাথ হল

ভারতী চৌধুরী

বছর ঘুরে এলো রে সেই পুনর্মিলন উৎসব
জগন্নাথ ছাত্রাবাসের প্রাক্তনীদের গৌরব ।।
বিংশশতকে হয়েছিল এই ছাত্রাবাসের গোড়াপত্তন
মহানুভব জগন্নাথ সাহার নামকরণে উন্মোচন ।
নরেন্দ্র সেন গোবিন্দ দেব ছাত্রাবাসের অধ্যক্ষ
ছাত্রদলের কল্যাণ হোক এটাই ছিল লক্ষ্য ।
এরই মধ্যে আরেকটি নাম করতে হবে সংযোজন
জ্যোতির্ময় গুহঠাকুরতার সুরক্ষিত অধ্যক্ষ আসন ।
অধ্যাপক এই অধ্যক্ষরা গুণে মেধায় দীপ্ত পুরুষ
ভক্তিভরে হৃদয়ভরা শ্রদ্ধাজ্ঞাপন করতো মানুষ ।
অতীতেই ছিল পূব-পশ্চিম পাকিস্তানের দ্বন্দ্ব অহর্নিশ
সত্তরে বুঝি জেগে উঠেছিল পুরোনো ঘায়ের বিষ ।
পাক সেনাদের বন্দী শিবিরে পূর্ব পাকিস্তান
অত্যাচারীর শোষণে শাসনে দিয়েছিল মহাপ্রাণ ।
ঘুমন্ত রাতে ছাত্রাবাসেতে বুলেটের হুঙ্কার
নিঠুর আদেশ জারী করেছিল ভুট্টো জুলফিকার ।।
ছাত্রাবাসের আক্রমণের শিকারের বলিদান
জ্ঞানতপস্বী অধ্যক্ষরা অকালে হারালো প্রাণ ।
কত নিষ্পাপ প্রাণের প্রদীপ নিভেছিল সেই রাতে
বাংলা মরেনি দমননীতির কঠিন বজ্রাঘাতে ।
এই নিপীড়ন ক্ষান্ত হয়েছে স্তব্ধ ধ্বংসলীলা
জন্ম নিয়েছে ছাত্রাবাসের পুনর্মিলন মেলা ।
বিলেতভূতিতে নবজাগরণে সেই হিন্দু ছাত্রাবাস
পুনর্মিলন সদস্য জোটে প্রাক্তনী একরাশ ।
প্রাক্তনীসভা রূপ নিলো এক দাতব্য প্রতিষ্ঠানে
দান ধ্যান আর কল্যালব্রতে মুখরিত জনে জনে ।
ছাত্রাবাসের স্থানীয় কর্মী পেলো সাহায্যদান
নির্বাচনের দাঙ্গা-শিকার বাঁচাতে পেরেছে প্রাণ ।
দানের পসরা হাতে লয়ে ফেরে ছাত্রাবাসের প্রাক্তনীরা
জনকল্যাণে এই তহবিল আনন্দে তাই আত্মহারা ।
তিন হাজার পাউণ্ড অর্থ উজারে সাহায্য-হাত ভরা
ধন্য হয়েছে মণিরামপুর যশোর জেলার হিন্দু দুর্গতরা ।
লোকহিতকর পরহিতব্রতে প্রাক্তনীদের অর্থ
চিকিৎসাতেও দানের অর্ঘ্য যার যতটুকু সামর্থ্য ।
প্রাক্তনীদের সদস্য কি শুধু বিলাতে বাংলাদেশে?
ইউরোপ আর ভারতেও তারা স্থান পেলো অবশেষে ।
সে তো নয় শুধু ছুঁয়ে আছে আজ বাংলাদেশের মাটি
আন্তর্জাতিক রূপে ভরপুর মহান সংস্থাটি ।
সংগঠনের কর্মপন্থা ব্যাপক হয়েছে দিনদিন
হিন্দু ছাত্রাবাসটি হউক প্রবীণ থেকে চিরনবীন ।
সদস্যদের সন্তানদের প্রেরণা দেবার মূলমন্ত্র
গদ্য, পদ্য লেখনীসৃষ্টি উৎসাহটির প্রধান যন্ত্র ।
এসব পন্থা আলোচিত হবে পুনর্মিলন উৎসবে
জগন্নাথ ছাত্রাবাস সঞ্জীবিত সে গৌরবে ।
ছাত্রাবাসের প্রাক্তনীদের সুদৃঢ় সংগঠন
সাম্য মৈত্রী একতায় ভরা হৃদয়ের বন্ধন
সুরভিত করে রাখবে তাদের সুপ্রচার সুপ্রয়াস
চিরজীবী থাক জগন্নাথ অমুসলিম ছাত্রাবাস ।

অধ্যাপক, কবি, গল্পকার, জগন্নাথ হলের প্রাক্তন ছাত্র শ্রীকান্তিভূষণ চৌধুরীর সহধর্মিনী

Gouri Chowdhury's

Suraloy

Music School

Best wishes to

Jagannath Hall Alumni Association, UK

on its 12th reunion.

May there be many more reunions to come.

www.suraloy.org

Best Wishes for
The Grand 12 Year Reunion of
Jagannath Hall Alumni Association UK

Amitesh Roy

Founder & Group Chairman

m: +880 1709638201, +880 1711568431
e: amitesh.roy@ctmrsgroup-bd.com

ctMRS steps at 21 years..

ctmrs group | MRS market research service | ctmrs EVENTS | ctmrs™ | ctmrs logistics | rmi roy marketing intelligence

ctmrsgroup-bd.com , ctmrs-bd.com

TAXPOINT // DIRECT ©

ACCOUNTANTS & TAX CONSULTANTS

CONTACT US

Mae House, Marlborough Business Centre,
96 George Lane, South Woodford, London E18 1AD, UK

+44 (0) 20 8530 8889 info@taxpointdirect.co.uk

Jagannath Hall Alumni Association UK
12
Year
Reunion

Complements from

Devashish & Shelly

DEVASHISH DAS MBA

Director, Buying & Marketing

All the very best wishes to JHAA UK family on their remarkable celebration of 12th Anniversary of Bonding and Togetherness

D&H Fashions Limited
36 Fowler Road
Hainault Business Park
Ilford Essex IG6 3UT
United Kingdom

+44 208 500 2265
+44 208 500 6620
+44 7737 858 928 (UK)
+88 01732 633 590 (BD)

S: devashish-dnh
devashishdas@yahoo.com
www.dnhfashions.com

Airport Bus EXPRESS

IN LONDON

LIVERPOOL STREET
Bishopsgate 175, Bus Stop G.

2 min walk from Liverpool Rail/ Tube Station. (Approx. 200mt)

STRATFORD
Queen Elizabeth Olympic Park, Bus Stop L.

3 min walk from Stratford Rail/ Tube Station. (Approx. 250mt).



VICTORIA COACH STATION
Buckingham Palace Road 164, Gate "0" (zero).

5 min walk from Victoria Rail/ Tube Station. (Approx. 400mt).

Coaches will pick up and drop **off also at Buckingham Palace** Road 76, Bus Stop 11 .

BAKER STREET
Pick up at Gloucester Place 137, Bus Stop 19.
3 min walk from Baker St. Tube Station. (Approx. 250mt).
Drop off at Baker Street 216, Bus Stop A.
1 min walk from Baker St. Tube Station. (Approx. 75mt).

www.airportbusexpress.co.uk

Airport Bus EXPRESS



www.airportbusexpress.co.uk

Airport Bus EXPRESS

LONDON STANSTED AIRPORT

A21

UNDERGROUND STRATFORD
Q.E. Olympic Park
Bus Stop L

UNDERGROUND LIVERPOOL ST.
Bishops Gate 175
Bus Stop G

A20

UNDERGROUND BAKER ST.
Gloucester Place
Bus Stop 19

BUCKINGHAM PALACE ROAD BUS STOP 11

UNDERGROUND VICTORIA
Victoria Coach
Station Gate 0

www.airportbusexpress.co.uk

KIDS
ZONE

Kids Zone

By: Sienna Saha

Kids Zone

By: Aditi Sikder - Age 6

Kids Zone

By: Arko Das

Knights of the Borrowed Dark Review

Knights of the Borrowed Dark is a very intriguing series. While at first it seems like you're reused, whitewashed fantasy book, with lonely orphans getting mysterious powers, suddenly and obscurely; but, it's a little bit cleverer in this series.

The main character, Denizen Hardwick gains the ability to use 'Cants' at age 13, an ability shared with many other characters throughout the series. But, in the first book, he barely uses them. The reason Denizen is given these powers is to hold off demons from another dimension, 'Tenebrae'. The story gets dark when it comes to these monsters, painting twisted images in your head. He fights these monsters with other people like him, who all have characters you'll probably get attached to. The story is filled with twists and turns, making sure you can't guess what's going to happen next, with scenes that will make you laugh, and others that will at least pull some heartstrings.

And now for the negatives. While most of the story progressed well, I felt that some parts were either too fast or too slow for their level of tension, especially at the end of the series, where it seemed way too abrupt to be the real ending, and several other parts that seemed to be dragged out for pages.

In conclusion, Knights of the Borrowed Dark is a great book for most people, but especially people who are into complex storytelling and action. I would also recommend that you're over 12 when you read this, as some of it can be hard to understand, and extremely dark.

Kids Zone

Asian Parents Summed Up– in our eyes!

By: Shreya Dey

I'm talking to you my fellow peers; if there's one thing we all have in common it's our parents. It seems that every desi parent is programmed with the same irrelevant, annoying comments and actions. There's no denying that all parents across the world love their children, but it seems to be that desi parents are one step ahead when it comes to affection. How do desi parents show their love? Maybe in a small corner of their hearts, they love us and want the best for us, but their hearts and mouths just don't seem to agree. Every time we may feel like maybe they'll be nice and compliment us, a sarcastic comment has to come out. They'll talk about how your achievements are standard and are nothing to be excited about, and it's all expected.

Don't even get me started on clothing. Why is it that any dress or skirt that comes above my knees is too short? I get that sometimes maybe our clothing is a bit short but surely not every piece. And then talking to the girls, wearing a crop top with jeans becomes the hot topic of gossip central, but no one notices the girl in the lehenga who's blouse was even smaller!

Everything seems to be battle of children in Asian communities. You're not good enough unless your results are better than the darling child of your mum's friend. As well as this, the only subjects that matter to our parents are maths and science. Yes, everything should be perfect but I know when my exam results day comes they'll zoom into the results of those specific subjects. The other subjects don't matter; I mean we certainly don't need a subject like English in the country England. Moving on to the set expectations. You're either a doctor, lawyer, engineer, accountant or own your own successful business. There's no in-between and certainly no individuality. The form of art you were forced into learning is definitely not acceptable either, whether that's Hindustani singing to Bollywood belly dancing. Anything other than traditional paths and you'll be disowned - unless you're a multi-millionaire footballer which may excuse you but in the world of desi parents, I'd take no risks.

Let's be honest, any child of a desi parent could sit here and rant about their parents. In all fairness, as much as our parents annoy us and have their little habits, they have the best intentions for us at heart. This essay goes out to my fellow desi brothers and sisters who'll relate with me, you should read this with uncle and aunty so they can deny every single thing I say. Hope this does not offend anyone; it's all a bit of a laugh just like Brexit. Mum and Dad this one's dedicated to you and depicts every way you annoy me to a 1000%........but you know at the bottom of my heart how much I love you! It is because of you I get to enjoy the best of both worlds – East & West!

Alumni Members 2018

Adhir Ranjan Das (Tanu)
Self Employed
Political Science
1981-1985
07960 103 750
adhir1@hotmail.com

Ajit Kumar Saha
Chartered Accountant
Accounting
1994 – 98
07912 510328
ajit_ulc@yahoo.com

Amitabha Sikder (Apu)
IT Manager
Pharmacy
1999-2000
07809553543
apucscu@yahoo.co.in

Babu Majumder
Chartered Certified Accountant
Finance & Banking
1993-1994
07723051141
majumderbabu@yahoo.co.uk

Dhiren Basu
Councilor, Cabinet Member
Political Science
1961-1965
078 3771 3405
dhiren.newworld@blueyonder.co.uk

Dhirendra Nath Halder
Barrister at Law
Law
1958-1964
0208 376 9604

Dilip Kumar Halder
Finance & Banking
1996-1997
07578 357 276
dip_277@yahoo.com

Gour Sadhan Datta
Chartered Accountant
Accounting & Taxation
1963
077 3990 5269

Jyotirmoy Saha
Service
Management
1984
079 5651 4248
jm_saha@yahoo.co.uk

Kamalesh Halder
Business
Microbiology
1990-1996
07966 943 374
kamalesh@unified-uk.co

Kamol Chandra Saha
Science Teacher
Applied Chemistry
1994 -2000
07932418595
kamolsavar@yahoo.co.uk

Kanti Bhushan Chowdhury
Company Director
Master of Commerce
1966
07770 984008

Alumni Members 2018

Krishna Saha
Accountant
Physics
1984-85
077 8991 5294
krishnadhan_saha@yahoo.com

Monoj Kumar Talukder
Chartered Certified Accountant
Marketing
1990-91
01708471215
mktalukder@hotmail.com

Mihir Sarkar
Chartered Certified Accountant
Accounting
1975-76
078 1473 7882
mihirsarkar@aol.com

Milton Saha
Service
1996- 1997
07872 556 270
milton_saha2002@yahoo.com

Moloy Chandra
Finance
1986
07721 303191
moloychandra@yahoo.com

Mrinal Kanti Sarkar
Service
Sociology
1985-86
079 8552 1233
sarkar_34@hotmail.com

Rakhal Chandra Saha
Retired
Soil Science
1965
078 8873 4996
saha64@hotmail.com

Ram Chandra Saha
Accountant and Business Consultant
Management
1986-87
ram@truedynamic.com

Samir Kumar Das
Solicitor
History
1983
079 3053 2297
samir.bhbcuc@gmail.com

Sanjoy Kumar Saha
Chartered Certified Accountant
Department of Accounting
07507661138
sanjoydu@yahoo.com

Sanjoy Kumar Ghosh
Service
Geography & Environmemnt
1999-2003
07846870453
sanjoy450@yahoo.com

Shyamal Modak
Service
English
1996-1997
07727 119 387
modakshyamal@yahoo.co.uk

Alumni Members 2018

Sukumar Saha
Chartered Certified Accountant
Management
1987-88
07500123123
s.saha@plusminus.co.uk

Sujit Sen
Accountant
Finance
077 6670 4005
Sujit7@hotmail.com

Sushanta Lal Sen
Civil Service
1974-75
079 5748 5711
sushantasen63@aol.com

Swapan Nandi
Service
Department of Geology
1983-84
nandi12@hotmail.com
07411 100 690

Tapan Kumar Saha
Chartered Certified Accountant
Accounting
1993-94
079 0386 7313
tapankumar13@yahoo.com

Uttam Kumar Dey
Director of operation
Political Science
1989-90
0789 422 953
deyuttam@gmail.com

Anjan Kumar Saha
Service
Accounting
1981-1982
07784373040
anjankumarsaha@yahoo.com

Uttam Kumar Dey
Business
Marketing,
1992-93
ukddruba@yahoo.com

Ratan Kumar Das
FX Consultant
Applied Chemistry
1973
078 1035 4593

Goutam Saha
Business
Department of Marketing
07883 153 384

Prashanta B Barua
Media Lawyer, Director of Studies &
Head of Law, ECL
Department of Law
1990-1995
07536 223 950
prashanta_barua@yahoo.co.uk

Chiranjit Majumder
Department of Law
1991-199
07908 654 389

Alumni Members 2018

Arunabha Sikder (Tapu)
Accountant
Botany
2004-2005
07861 764 131
tapu1800@yahoo.com

Nilmoni Singh
Business
Journalism
1987-1989
079 3917 3921
nilmoni@hotmail.co.uk

Bijoy Lal Basu
Professor
English
1999
07508542420
bijoybasu@du.ac.bd

Pradip Kumar Saha
Service
Management
1975-76
079 5073 3587
pradipehl@yahoo.com

Shyamal Krishna Roy
Chartered Certified Accountant
Sociology
1993-94
07940 572 643
roy_bd2002@yahoo.com

Prodip Das
Business
Management
1986-87
dasprodip@hotmail.com

Ripon Saha
Service
Accounting
1992-1996
07410 112 072
ripon2001bd@yahoo.com

Bivash Ronjon Biswas
Service
History
1999-2000
079 3986 2816
brb_biswas@yahoo.co.uk

Sumon Roy
Accountant
Accounting
2000-2001
07870 537 562
roysumon42@gmail.com

Sanjib Saha
Research Manager
BBC Media Action
Anthropology
2001-2005
07757 333 076
sanjib.bbc@gmail.com

Suman Saha
Lecturer
Mathematics
07544465646
s.saha@surrey.ac.uk

Swapan Kumar Roy
Businessman
Accounting
1986-89
079 460 6747
swapanroy@aol.com

Alumni Members 2018

Ujjwal Kumar Dey
Service
History
1993-94
079 0437 3692
deyujjal@yahoo.co.uk



Chitta Ranjan Sengupta
Retired
Physics
1961
078 5415 7373

Bejoy Shankar Samaddar
Barrister (Retired)
History & Law
1959-1963
0208 673 6269

Nikhil Ranjan Das
Teacher
Chemistry
1960-62
020 8864 5749
nirada60@yahoo.co.uk

Arun Kumar Das
CPSA
Soil Science and Mathmatics
1982-83
07733352929
akdas69@hotmail.com

Fanish Chandra Roy
Retired
Mathematics
1957-59
020 8715 3264

Jyotirmoy Biswas
Business
Sanskrit
1991-92
079 4641 7572

Himangshu Ranjan Saha
Accountant (Retired)
Commerce
1960-62
hrsaha@hotmail.com

Swapan Roy
Business
Accountancy
1972
079 1384 1528
swapanroy@btinternet.com

Kongkon Kanti Ghosh
Service
Accounting
1994 -95
079 3903 8109
kkg23@yahoo.com

Mukul Chandra Roy
Teacher
Mathematics
1971
020 8555 3786

Mridul Bhattacharjee
Investment Advisor
Finance
+46 73566 4024
mridul_bhattacharjee@yahoo.com

Alumni Members 2018

Arup Roy
Finance Director
Law
1965-1967
07836370386
arup.roy@amsafe.com

Pronab Kumar Saha
Mortgage & Insurance Professional
Finance
1985
078 7782 2511
ultimatefinance@gmail.com

K Santayana
Lawyer
English & Law
1986-1988
07903603087

Haradhon Bhowmik
Businessman
Mathemetics
1986

Amalendu Shekhar Podder
Advanced Skills Teacher
Mathmatics
1976-1978
07718662890
amalpodder@hotmail.com

Jagannath Hall Alumni Association UK
12 Year Reunion

Associate Members

Bishwajit Sarker
Graphic Designer
MFA (Fine Art)
1992-1993
07507 595 581
sarker76@gmail.com

Devashish Das
Business
MBA
07737 858 928
devashisdas@yahoo.com

GUEST MEMBER

Biddyut Saha
Service
BSc Engineer
07950 021 373
biddyut@btinternet.com

Alumni Late Members

Mr Sukumar Mazumdar

Mr Nirmol Lala

Mr Paresh Lal Das

Sushanta Kumar Bala

Nirad Ranjan Basu

PLAN YOUR NEXT *Journey with*

M25 Minibuses

COACH AND MINIBUS HIRE,

serving Greater London and the United Kingdom

Our high quality service offers our clients a convenient way to reach their chosen destination on our luxurious and modern coach and minibuses. We have built an excellent reputation for the best customer service and safe, reliable group travel.

Our friendly drivers are professionally qualified and DBS checked. So, whatever your transport needs, from airport transfers and private hire to contract work and tours, please contact M25 Minibuses for a winning quote!

CONTACT: **0203 6334226, 07475 058174.** EMAIL: **info@m25minibuses.co.uk**

KKG

Accountants

WE ARE OBLIGATED

TO FOLLOW

PROFESSIONAL

ACCOUNTANT CODE OFF ETHICS

OUR SERVICES

- Account preparation
- Tax return
- Bookkeeping
- Completion and submission of VAT returns
- Payroll procedures
- Business plans and forecasts
- Overseas student tax refund

KKG TAX ASSOCIATES LTD

110 Whitechapel Road, London E1 1JE

kkg_423@yahoo.com

www.kkgtax.co.uk

0791 222 8463

0788 495 6142

0207 0418 547

0207 0418 547

General® Auto Services

ACCIDENT!!

Save this number on your phone, it could be you next!

020 8555 1212

We can provide all the help you need! Car Hire, Repairs, Recovery. We even pay your policy excess*

Get up to £500.00 to assist with your expenses*

Come visit us;
Citygate House
250 Romford Road
London E7 9HZ

Scan the tags and see what you see.......

TAXI·PRIVATE HIRE

Special services for PCO drivers

Trusted for over 15 years...

*Subject to terms and conditions, limitation and exclusions apply, subject to acceptance

County & Urban Mortgages Ltd
County & Urban Ltd

- Your work is insured by our insurance policy
- Regular updates & personal touch with our dedicated stuff

Our services:

- Residential Mortgage
- Buy to let
- Commercial Mortgage (by referral)
- Income Protection
- Life Insurance & Protection
- Business & Commercial Insurance

- Architectural Design & Planning Permission Application
- Property Development & Construction
- Civil / Structural Engineer Supervision on Project

Call now for a Free initial consultation

Mortgages Tel: 0333 011 5112 Construction Tel: 020 8551 5897
Email: info@countyandurbanmortgages.com
Web: www.countyandurbanmortgages.com

Our turnaround time
24 Hours

Address:
Unit 2B, Bourne Court, Unity Trading Estate
Southend Road, Woodford Green
Essex IG8 8HD

Office Time: Monday to Friday - 9 am to 5 pm

Note: Buy to let mortgages and commercial mortgages are not regulated by the Financial Conduct Authority.

(County & Urban Mortgages Ltd is an appointed representative of Intrinsic Mortgage Planning Limited which is authorised and regulated by the Financial Conduct Authority.)

JAGANNATH HALL ALUMNI ASSOCIATION UK
(UK Charity Reg. No: 1152133)
SHREE SHREE
GANESH PUJA
'May Baba Ganesh bless us all with wealth, happiness & success... Joy Baba Ganesh'
www.jagannathhallaa.co.uk

SHREE SHREE
ANESH PUJA

Alumni BBQ

JAGANNATH HALL ALUMNI ASSOCIATION UK
(UK charity Reg. No: 1152133)
FUNDRAISING
BBQ PARTY
www.jagannathhallaa.co.uk | 27 Longbridge Road, Barking IG11 8TN

2012-2018

JAGANNATH HALL ALUMNI ASSOCIATION UK
(UK charity Reg. No: 1152133)
FUNDRAISING
BBQ PARTY
www.jagannathhallaa.co.uk | 27 Longbridge Road, Barking IG11 8TN

এসো হে বৈশাখ এসো এসো...
শুভ নববর্ষ উদযাপন
Happy Bengali New Year

UNIVERSITY OF DHAKA
বর্ষবরণ উৎসব ১৪২৫

এসো হে বৈশাখ এসো এসো
শুভ পহেলা বৈশাখ

এসো হে বৈশাখ এসো এসো

বর্ষবরণ
উৎসব
১৪২৫
XP-80
UK

এসো হে বৈশাখ এসো এসো

শুভ নববর্ষ

পহেলা বৈশাখ উদযাপন
জগন্নাথ হল এলামনাই এসোসিয়েশন ইউকে
ঢাকা বিশ্ববিদ্যালয়
www.jagannathhallaa.co.uk
Roland XP-60

www.jagannathhallaa.co.uk
Roland


No smoking

Recycle

www.jagannathhallaa.co.uk

JAGANNATH HALL ALUMNI ASSOCIATION UK
UNIVERSITY OF DHAKA
www.jagannathhallaa.co.uk
উৎসব
১৪২৫
www.jagannathhallaa.co.uk

JAGANNATH HALL ALUMNI ASSOCIATION UK
UNIVERSITY OF DHAKA
www.jagannathhallaa.co.uk
বর্ষবরণ
উৎসব
১৪২৫

H HALL ALUMNI ASSOCIATION UK
ERSITY OF DHAKA
www.jagannathhallaa.co.uk
www.jagannathhallaa.co.uk
Roland

www.jagannathhallaa.co.uk

www.jagannathhallaa.co.uk

Reunion 2012-2016

Reunion 2012-2016

10th Reunion

Reunion 2012-2016

Reunion 2012-2016

Day Trips

Other Activities

Charity Work

Contribution to the Community

PAYSLIP
ACCOUNTANTS
PAYROLL
TAX
Budget
VAT
ACCOUNTING
12th
ANNIVERSARY
JHAA (UK)
Our Accountants & Tax Specialists
can looking after your business needs!
We take care of your Accounting,Taxation, Business
and administrative services and
take over the load from you!
Taxation
Self Assessment
Corporation Tax
VAT Returns
Capital Gain Tax
Inheritance Tax
Payroll -RTI
Pension/Auto Enrolment
Property Rental Tax
Tax Advice & Planning
Accountancy
Bookkeeping
Statutory Accounts & Audit
Management Accounts
Sole Trader Accounts
Partnership Accounts
Charity Accounts
Business
Business Plan & Projections
Company Formation
Investment
Strategic Planning
Company Secretarial
Business Consultancy
01793611600
07870537562
141 Victoria Road,
Old Town Swindon, SN1 3BU
info@payslipaccountants.co.uk
roy@payslipaccountants.co.uk

SS
Savant & Saver
Solutions Ltd

Professional Accountants & Tax Consultant
Specialising in SME Enterprises

Our Services & Products

- Accounts preparation
- Bookkeeping services
- Business advice
- Business start ups
- Tax returns
- VAT returns
- Limited Companies
- Partnerships
- Corporation tax
- Cash flow management
- Company accounts
- Company formation
- Financial planning
- Payroll services
- Sole traders

9 Woodford Avenue,
London, IG2 6UF.
Email: info@snssolutions.co.uk, **web:** www.snssolutions.co.uk, **Tel :** 0203 633 4734, 0796 009 8198

Flick Media
Web & Software Solutions

The ideal destination for
BESPOKE WEBSITE DEVELOPMENT

10 YEARS CELEBRATION

We Develop
Web Development
CMS
E-Commerce Portals
Mobile Apps

We Design
Mobile Design
Website Design
Branding

We Promote
Social Media Marketing
SEO
Pay Per Click (PPC)

We Support
Web Design Support
Domain Support
Hosting Support

Best wishes to

Jagannath Hall Alumni Association UK

on their

12 YEAR REUNION

JHAAUK

from

Palash Ghosh
Chandrani Chowdhury

HALAL & VEGAN
KOREAN RESTAURANT

KOREAN BBQ & VEGAN

HALAL

Durga Puja Greetings 2018

REDBRIDGE PROPERTY

Letting • Sales • Management

Landlords Welcome

- 0% Commission
- Free Maintenance
- Rent Paid even Property is Vacant
- No Risk - No Hassle

GUARANTEED RENT 1 to 5 YEARS GUARANTEED RENT

T: 020 8590 2277
M: 07484 907 354, 07484 907 355
E: info@redbridgeproperty.uk
W: www.redbridgeproperty.uk

811, HIGH ROAD
ILFORD, UK, IG3 8TD

Kapook ACCOUNTANCY
Wishing JHAA UK
All The Best with your 12th
Reunion from Kapook Accountant
CONTACT INFO
info@kapookaccountancy.com
94 Caledonian Road, London, N1 9DN
0203 515 3001


guru soundz Production
Guru soundz retailers of Indian Musical instruments in UK. We deliver right to your doorstep worldwide. We sell tabla, sitar, harmonium and many more.
Order online www.gurusoundz.com
Visit ourshowroom in London, ilford
Tel: +44 208 594 4040
Dj
SANDYMAN
DJ / Musician
FOR YOUR SPECIAL DAY CALL
+44 795 663 6556
+44 208 594 4040
sandy@sandyman.tv
www.sandyman.tv

TransGlobal® Freight Management Limited

Trans Global has been involved in worldwide freight movements since the 1920's. We are a well established Freight Forwarding Company offering a comprehensive service for exporters and importers using conventional Deep Sea Routes, Container Shipment, Overland Trailer and Airfreight.

Complete Door-to-Door Service
Trans Global offers through movement and control of cargo from point of origin to point of delivery for imports and exports, including the co-ordination of inland transport and customs formalities.

Documentation Service
Trans Global offers a fully comprehensive documentation service from basic shipping notes and waybills, customs and consular documents to the preparation and presentation of complete paperwork for letters of credit.

A Quality Assured Freight Service
Trans Global offers a complete range of services to exporters, UK Haulage, Warehousing for consolidation of contract cargo, Export Packing, Container Loading, Marine Insurance, Consular Work and of course Freight Forwarding. For importers we offer Customs clearance and delivery facilities for consignments moving by Air, Sea or Land. Trans Global also provides a Logistics Management service where collections and deliveries are fully monitored in order to maintain production and installation schedules.

Plant and Machinery Specialists
Trans Global has established an excellent reputation with both machinery manufacturers and dealers as professionals in the handling and transport of equipment throughout the world.

Packing and Container Loading
Trans Global has developed strong links with recognised consolidators, packers and riggers throughout Europe and North America.

With 12 offices throughout the UK, please visit www.trans-global.com to find your local Trans Global office or alternatively please contact Kamal Chowdhury, Director-Asian Development on
+44 (0)7876 010000 / kamal.chowdhury@trans-global.com

BIFA IATA FIATA AEO WACO

www.tgfml.com

Best Wishes for

Jagannath Hall Alumni Association UK 12 Year Reunion

"Never think there is anything impossible for the soul. It is the greatest heresy to think so. If there is sin, this is the only sin; to say that you are weak, or others are weak."

-Swami Vivekananda

Swami Vivekananda's Statue at Jagannath Hall

"It was the best time in my life when I was in Jagannath Hall. I founded Vivekananda Shiksha O Sankskriti Parishad on 1 December 1989 in Jagannath Hall inspired by Revered Swami Akshoranandaji Maharaj, now we have more than 30 branches and associate organisations in many different places. Thousands of young people are members of this organisation and they are working for Universal Humanity, Tolerance, Harmony and Peace inspired by Swamiji's Massage. Also I planned and executed to erect a Swami Vivekananda's Statue at Jagannath Hall with help of the Honourable Sculptor Shamim Sikder in 1994. Hundreds of thousands of people visited this statue, including four Revered President Maharajs of Ramakrishna order, and many respected people."

Ram Chandra Saha
Founder

Vivekananda Shiksha O Sankskriti Parishad
Vivekananda Human Centre
Vivekananda Centre for Human Excellence

True Dynamic®

Dynamic support for you and your business

□ Accountancy □ Tax □ Advisory

www.truedynamic.com

UK TAX Solutions®

Online Accountancy Services for SMEs, Contractors & Landlords

www.uktaxsolutions.com

London Milton Keynes Swindon

Nisa

Just what you need

making a difference locally
SUPPORTING YOUR COMMUNITY

LOCAL CONVENIENCE STORE



A fantastic selection of wine, beer and spirits for any occasion

Open Late For Food, Drink and Shopping 7 days a week

29 Orford Road, Walthamstow Village E17 9NL